ملة إبراهيم

وَمَن يَرْغَبُ عَن مِّلَّةِ إِبْرَاهِيمَ إِلاَّ مَن سَفِهَ نَفْسَهُ

"এবং যে নিজেকে নির্বোধ করে তুলেছে সে ব্যতীত কে ইব্‌রাহীমের (আঃ) দ্বীন হতে বিমুখ হবে?"
(সূরা বাকারা: ১৩০)

মিল্লাতে ইব্‌রাহীম

(ইব্‌রাহীম (আঃ) - এর দ্বীন)

এবং নবী ও রসুলদের দা'ওয়াহ (ডাক)

এবং একে ধ্বংস করতে ও দা'য়ীদের এই মিল্লাত থেকে সরিয়ে নিতে তাগুতদের নেয়া কিছু পদক্ষেপের বর্ণনা

ودعوة الأنبياء والمرسلين
وأساليب الطغاة في تمييعها وصرف الدعاة عنها

শায়খ আসিম বিন তাহির হাফিজাহুল্লাহ

আত্-তিবয়ান পাবলিকেশন্স

মিল্লাতে ইব্‌রাহীম

(ইব্‌রাহীম (আঃ)-এর দ্বীন)

এবং নবী ও রাসূলদের দা'ওয়াহ

এবং একে ধ্বংস করতে ও দা'য়ীদের এই মিল্লাত থেকে সরিয়ে
নিতে ত্বগুতদের কিছু পদক্ষেপের বর্ণনা

আবু মুহাম্মাদ 'আসিম আল-মাক্‌দিসী

(আল্লাহ্‌ তাঁর মুক্তি ত্বরান্বিত করুক)

সূচী পত্র

“চরম পত্র”

হে ত্বগুতের দল (অত্যাচারী ও সীমালঙ্ঘনকারী শাসকগোষ্ঠী)! হতে পারে তুমি আজকের ত্বগুত অথবা আগামীকালের... হতে পারো তুমি কোন শাসক বা নেতা... সিজার বা কিসরা... ফিরাউন বা নমরূদ... ত্বগুতের কর্মচারী (ত্বগুতের বেতনভোগী) আলেম... তুমি হতে পারো ত্বগুতের আর্মি বা পুলিশ বা কোন গোয়েন্দা সংস্থার লোক; তোমাদের সবাইকে বলছি, শুনে রাখো...**নিঃশ্চয়ই, আমাদের কোন সম্পর্ক নেই তোমাদের সাথে এবং আল্লাহকে ছেড়ে তোমরা যাদের ইবাদত কর তাদের সাথেও**। (আল-মুমতাহিনা ৬০ঃ ৪) সম্পর্ক নেই তোমাদের পঁচে যাওয়া আইন বা নীতির সাথে... সম্পর্ক নেই তোমাদের সংবিধান আর মূল্যবোধের সাথে আর তোমাদের প্রচার মাধ্যমগুলোর সাথে। আমরা আরও বলছি, শুনে রাখো... **আমরা তোমাদের প্রত্যাখ্যান করি। আর তোমরা এক আল্লাহর প্রতি ঈমান না আনা পর্যন্ত আমাদের ও তোমাদের মধ্যে চিরতরে শত্রুতা ও বিদ্বেষ সৃষ্টি হয়ে রইল**। (আল-মুমতাহিনা ৬০ঃ ৪)

"যতদিন তুমি আমাকে রাখবে এই দুনিয়ায় আমি চালিয়ে যাব জিহাদ তোমার শত্রুদের সাথে,
আর তাদের বিরুদ্ধে জিহাদ করে যাওয়াই হবে আমার পেশা ।
তাদের (শত্রুতা) আমি প্রকাশ করে দিব সবার সামনে ।
আর (প্রতিনিয়ত) তাদের শক্তিকে খন্ড-বিখন্ড করে দিব আমার (ধারালো) কথা দ্বারা ।

ধ্বংস হোক তারা! আমার রব তো জানে
তোদের গোপন বিষয়গুলো, (আরও জানেন) তোদের অন্তরের সকল খারাবি ।
কারণ আল্লাহ তো অবশ্যই সাহায্য করবেন তাঁর দ্বীনকে ও তাঁর কিতাবকে,
আর তাঁর নবীকে, পূণ্যজ্ঞান ও শক্তির দ্বারা ।

কেউ কখনো ভাঙতে পারবে না সত্যের এই স্তম্ভ,
যদিও বা এক হয় সকল মানুষ আর জ্বীন ।"

(ইবন আল-কাইয়্যিম)

ভূমিকা

সমস্ত প্রশংসা আল্লাহর যিনি মুমিনদের অভিভাবক এবং কাফিরদের পরাজয় দানকারী ।

আর সালাত ও সালাম সেই রাসূলুল্লাহ (সঃ) এর উপর; যিনি আমাদের আদর্শ; যিনি বলতেন, "…..নিশ্চয়ই আল্লাহ আমাকে তাঁর '*খলিল*' (অন্তরঙ্গ বন্ধু) বানিয়েছেন, যেমনটি তিনি বানিয়েছিলেন ইব্‌রাহীমকে (আঃ) ।"[১]

শুরুতেই বলতে চাই, আমার এই বইটি '*মিল্লাতে ইব্‌রাহীম*', আমি সম্মানিত পাঠকদের কাছে নতুন ভাবে পেশ করছি । আসলে বইটি প্রকাশ হবার আগেই কিছু সংখ্যক উদ্যমী তরুণ এর অসংখ্য কপি দুনিয়াব্যাপী ছড়িয়ে দেয় । এর কারণ আমি পাকিস্তানে আমার কিছু আলজেরীয় ভাইদেরকে এর পান্ডুলিপি দিয়েছিলাম । এটা ছিল *"আসালিব আত তুগাত ফিল কায়িদ লিদ-দাওয়াহ ওয়াদ-দু'আহ"* নামক বইয়ের একটি অধ্যায় যা আমি সংকলন করছিলাম, অসম্পূর্ণ ছিল । ঐ সময় আমি বিভিন্ন দেশে ভ্রমন করার কারণে এটা অসম্পূর্ণ ছিল । সে অবস্থাতেই ঔ ভাইয়েরা প্রথমবার বইটি প্রকাশ করে এবং সেভাবেই প্রচার লাভ করে ।

এরপর যখন আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার রহমতে আমার সুযোগ এলো আমি এর প্রকাশের কাজটি সম্পূর্ণ করি । আর এই বইটির কারণে আমাকে বহুদিন ত্বগুতের ক্রোধের শিকার হয়ে জেল খাটতে হয় । শেষ পর্যন্ত তাদের ক্রোধ এতটাই চরমে পৌঁছায় যে, কোন ভাইকে এ্যারেষ্ট করলে তারা এ বইটির কথাই প্রথমে জিজ্ঞাসা করে । তাদের প্রথম প্রশ্নই হয়, "তুমি বইটি পড়েছ ? অথবা তুমি কি এর লেখককে চেন ?"

এই প্রশ্নের উত্তর যদি 'হ্যাঁ' হয় তাহলে তাকে বলা হয়, "এটাই (প্রমাণ হিসেবে) যথেষ্ট । এর মানে তুমি জিহাদী চিন্তার মানুষ । নিশ্চয়ই তোমার কাছে অস্ত্র আছে । কারণ আমরা যত সন্ত্রাসী গ্রুপকে ধরেছি সবার কাছেই এই বই ছিল ।"

তাই আবারও সেই আল্লাহর প্রশংসা করছি, যিনি এ বই তাদের গলার কাটা বানিয়েছেন, এ বই তাদের মাথার ব্যথা আর লিভারে আলসার । আর আমি আল্লাহর নিকট আশ্রয় চাই এবং তুমি এই সব ত্বগুতদের পাকড়াও কর *সা'দান* (আঙটা আকৃতির কাঁটা) দ্বারা ।

বইটি পুনঃপ্রকাশের আগে সময় নেয়ার অন্যতম একটি কারণ ছিল এই যে, আমি চেয়েছিলাম পাঠকদের মতামত উপদেশগুলো বিবেচনা করতে । আমার সবচেয়ে বেশী আগ্রহ ছিল ঐসব লোকদের মন্তব্যের ব্যাপারে যা সবসময় এই দাওয়াহ ও এই বইয়ের বিরোধিতা করার জন্য হা করে থাকে; কিছু একটা বিরোধিতা না করতে পারলে এদের মুখ চুলকাতে থাকে । এরা বলেছে, আমাদের মুখ দিয়ে নাকি এমন কথা বেরিয়েছে যা পূর্বে কখনো বের হয়নি; এটা একটি মিথ্যা কথা । এদের মধ্যে কেউ কেউ আবার এ ব্যাপারে জুমআর খুৎবাও দিয়ে ফেলেছেন ।

---

[১] মুসলিমে বর্ণিত হাদিস । জুনদুব ইবনে আব্দুল্লাহ থেকে, হাদিসটি 'মারফু' ।

কুয়েতের এক মসজিদের এই খতিব সাহেব বলেছেন, আমি নাকি বলেছি যে এই যুগে আমিই (লেখক) একমাত্র মিল্লাতে ইব্‌রাহীমের ওপর। বাকি সবাইকে নাকি আমি কাফির ঘোষণা করেছি। তিনি আমাদেরকে এ যুগের 'খাওয়ারিজ' ডেকেছেন। এগুলো ছাড়াও আরও অনেক কিছুকেই তারা মিথ্যা বলতে চায় আর বিভ্রান্ত করে সেই সব অন্ধ মানুষদের যারা তাদের অনুসরণ করে। তবে যারা সত্যের অনুসারী; হিদায়াতের আলোতে যারা পথ চলেন, তারা আমাদের ব্যাপারে জানেন এবং বোঝেন। তাইতো কবি বলেছেনঃ

'আর আল্লাহ যদি প্রচার করতে চান একটি ভালো জিনিস,
যার প্রয়োজন সবার।

তিনি তো জাগিয়ে দেন হান তার সেই বক্তাকে,
যাকে হিংসুটেরা হিংসা করে।'

এতো দীর্ঘ সময় এবং এতো অসংখ্য আগ্রাসী সমালোচকের দল থাকা সত্ত্বেও আমার কাছে সত্যিকার অর্থে বড় ধরনের কোন অভিযোগ আসেনি। যা এসেছে তা ঐসব আলেমদের তোলা খুচরা কিছু বিষয়। আমি সে গুলোর সার সংক্ষেপ তুলে ধরছিঃ

- তারা বলেছেন, আমার (লেখক) ভাষ্যমতে ইব্‌রাহীম (আঃ) এর মূলনীতিই হচ্ছে কাফিরদের সাথে শত্রুতা পোষণ করা এবং সম্পর্ক ছিন্ন করা। কিন্তু আল্লাহ সুবাহানাহু ওয়া তা'আলা তাঁকে প্রশংসাকারী ও সবরকারী বলেছেন। কারণ তিনি লূত (আঃ)-এর কওমের পক্ষ নিয়েছিলেন যাতে সেখানে গযব না দেয়া হয়।

- তাদের আরও একটি আশ্চর্য অভিযোগ হলো, "আমাদের পথ ও মিল্লাত হলো মুহাম্মাদ (সঃ) এর পথ। আর ইব্‌রাহীম (আঃ)-এর মিল্লাত বা শরীয়া তো এর পূর্বের শরীয়া। আর যারা পূর্বে এসেছে তাদের শরীয়া তো আমাদের জন্য নয়।"

- তারা বলেছেন, "সূরা মুমতাহিনার যে আয়াতে মিল্লাত-ই ইব্‌রাহীম (আঃ)-এর কথা বলা হয়েছে, সেটাতো মদীনায় নাযিল হয়েছিল, যখন দারুল ইসলাম ছিল।" তারা জোর গলায় বলছেন যে, মিল্লাতে ইব্‌রাহীম তখনই পূর্ণরূপে পালন করা যাবে যখন দারুল ইসলাম থাকবে।

- তারা আরও বলেন, "মক্কায় মূর্তি ভাঙ্গাঁর হাদীসটি একটি দুর্বল হাদীস।" এই হাদীসটিকে দুর্বল করেই যেন তারা এ বইটিকে অস্বীকার করার চেষ্টা করতে চায়।

আসলে এসব মামুলী যুক্তি নিয়ে আলোচনা করতে গেলে বইটির অসম্মান করা হবে। বিজ্ঞ পাঠকরা অন্ততঃ সেটাই ভাবছেন। কবিও বলেছেনঃ

যত সন্দেহের অস্পষ্টতা আছে
সবই তো চূর্ণ সারিবদ্ধ কাঁচের মতো।
সত্যের আগমনে এরা সবই হবে ধ্বংস।

সত্যি বলতে কি, কিছু সংখ্রক মোহাবিষ্ট বোকা ছাড়া আর সবার কাছেই এসব যুক্তির উত্তর মজুদ আছে, কারণ, এ গুলো খুবই দুর্বল যুক্তি। তাই আমি সংক্ষেপে উত্তরগুলো দিচ্ছিঃ

- প্রথমত, ইব্‌রাহীম (আঃ)-এর প্রসঙ্গে যে প্রশ্নটি তারা তুলেছে তার জবাব দিচ্ছি, মহান আল্লাহ তা'আলা বলেছেনঃ

অতঃপর যখন ইব্‌রাহীমের সেই ভয় দূর হয়ে গেল এবং সে সুসংবাদ প্রাপ্ত হলো তখন আমার (প্রেরিত ফেরেস্তাদের) সাথে লুত কওম সম্বন্ধে তর্ক-বিতর্ক (জোর সুপারিশ) করতে শুরু করে দিল। বাস্তবিক ইব্‌রাহীম ছিল বড় সহনশীল প্রকৃতির, দয়ালু স্বভাবের ও কোমল হৃদয়ের। (হুদ ১১ঃ ৭৪-৭৫)

আসলে এই আয়াত দ্বারা তাদের মিথ্যা অভিযোগ কখনোই সত্য প্রমাণ করা যায় না। কারণ তাফসীরকারকগণ স্পষ্টই বলেছেন যে, ইব্‌রাহীম (আঃ)-এর দুশ্চিন্তা ছিল লুত (আঃ)-কে নিয়ে, তার কওমকে নিয়ে নয়। যখন ফেরেশতারা বলেছিলঃ

তারা বলল ঃ "নিশ্চয় আমরা এই জনপদবাসীকে ধ্বংস করবো....." ('আনকাবুত ২৯ঃ ৩১)

ইব্‌রাহীম (আঃ) বললেন, " যদি তোমরা সেখানে ৫০ জন মুসলিম পাও, তাহলেও কি ধ্বংস করবে?"

তারা বলল, "না।"

তিনি বললেন, " তাহলে ৪০ জন ?"

তারা বলল, "না।"

তিনি বললেন, " তাহলে ২০ জন ?"

তারা বলল, "না।"

তিনি বললেন, " যদি সেখানে থাকে ১০ জন বা ৫ জন ?"

তারা বলল, "না।"

তিনি বললেন, তাহলে ১ জন ?"

তারা বলল, "না।"

তিনি বললেনঃ সেখানে তো লুত আছে ! তারা বললঃ 'সেখানে কারা আছে আমরা তো তা ভালো করেই জানি । আমরা লুত ও তাঁর পরিবারকে রক্ষা করবোই, তাঁর স্ত্রীকে ব্যতীত..... ।[২]
এই আয়াত দিয়েই তাফসীরকারগণ ঐ ঘটনার ব্যাখ্যা দিয়েছেন ।[৩]

কোরআনের সবচেয়ে গ্রহণযোগ্য ব্যাখ্যা (তাফসীর) হলো, কোরআন দ্বারা কোরআনের তাফসীর । উপরোল্লেখিত সূরা হুদের ঐ আয়াতটি সূরা আনকাবুতে আয়াতটি দ্বারা ব্যাখ্যা করা হল ।

আল্লাহ তা'আলা বলেছেন ঃ

আর যখন আমার ফেরেশতাগণ সুসংবাদ নিয়ে ইব্‌রাহীমের কাছে আগমন করল, তখন তারা বলল, আমরা এই জনপদের অধিবাসীদেরকে ধ্বংস করবো, নিশ্চয় এর অধিবাসীরা জালিম । ইব্‌রাহীম (আঃ) বললেনঃ সেখানে তো লুতও আছে । তারা বললঃ সেখানে কারা আছ, আমরা তা ভালো করেই জানি । আমরা লুতকে ও তাঁর পরিবারকে অবশ্যই রক্ষা করবো, তাঁর স্ত্রী ব্যতিত, কারণ সে পশ্চাতে অবস্থানকারীদের (ধ্বংসপ্রাপ্তদের) অন্তর্ভুক্ত । ('আনকাবুত ২৯ঃ ৩১-৩২)

সুতরাং আমরা দেখতে পাই, ইব্‌রাহীম (আঃ)-এর মূল চিন্তাটাই ছিল লুত (আঃ)-এর ব্যাপারে । লুত (আঃ)এর জন্যই তিনি ফেরেশতাদেরকে বোঝাতে চাচ্ছিলেন । এবং ফেরেশতারাও তাঁকে লুত (আঃ) এর ব্যাপারে নিশ্চয়তা দিয়েছিল । তারপরও যদি আমরা একথা তর্কের খাতিরেও গ্রহণ করি যে, তিনি লুত (আঃ) কওমের ব্যাপারে ফেরেশতাদের বোঝাচ্ছিলেন; তাহলে আমরা নিচের কোন্ ব্যাখ্যাটি নিব ঃ

তিনি ঐ কাফির ও জালিমদের পক্ষে ছিলেন এবং তাদের সাহায্য করতে চাচ্ছিলেন (নাউযুবিল্লাহ), নাকি তিনি চাচ্ছিলেন যে, তাদের উপর আযাব আসার আগে তারা হিদায়াত প্রাপ্ত হোক । অবশ্যই নবীরা (আঃ) ছিলেন তাদের কওমের মধ্যে সবচেয়ে কোমল হৃদয়ের । তার মানে এই নয় যে তারা কাফিরদের পক্ষে ছিলেন ।

তাদের দাওয়ার কারণে তারা সবসময় চাইতেন যেন, মানুষ হিদায়াত পায় । যেমন আমরা মুহাম্মাদ (সঃ)-এর ক্ষেত্রে দেখতে পাই । তাহলে যখন তার কাছে পাহাড়ের ফেরেশতাকে পাঠানো হলো । তিনি ঐ অস্বীকারকারী কওমের বিরুদ্ধে যেকোন হুকুম দিতে পারতেন । কিন্তু তিনি বললেন, " বরং আমি আশা করি আল্লাহ তা'আলা তাদের বংশধরদের মধ্যে থেকে এমন মানুষ বের করবেন যারা শুধুমাত্র আল্লাহর ইবাদত করবে এবং তাঁর সাথে কাউকে শরীক করবে না ।" এই হাদীসটি ইমাম বুখারী ও মুসলিম উভয়েই বর্ণনা করেছেন ।

---

[২] 'আনকাবুত ২৯ঃ ৩২

[৩] হাদিসটি আত-তাবারী বর্ণনা করেছেন তার তাফসীরে - ১৫/৪০৩ খন্ড, এবং ইবন কাসীর - ২/৫৯৪ খন্ড ।

নবী রাসূলগণ সকলের চেয়ে সম্মানিত মানুষ। তাঁদের ব্যাপারে আমাদের আদব হলো, আমরা তাদের ব্যাপারে কখনো নেতিবাচক চিন্তা করবো না। অর্থাৎ আমরা তাদের ব্যাপারে এমন কোন বুঝ নিব না যা কিতাবে বর্ণিত তাদের দাওয়াহর বিরোধী। তাদের কোন দোষ ত্রুটি খোঁজাও আমাদের উচিৎ নয়। আর যারা তাদের ব্যাপারে ভুল ব্যাখ্যা দিতে চায়, তারা নিজেরাই নিজেদের ধোঁকা দেয়। কারণ, তাদের যুক্তিগুলো কোরআনের বক্তব্যের বিরোধী।

আল্লাহর নবীগণ হচ্ছেন সেই মানুষ যাদেরকে মূলত পাঠানোই হয়েছে শিরক আর কুফরের শত্রু হিসেবে। তারা কাফির ও মুশরিকদের সাথে স্পষ্ট শত্রুতা পোষণ করেন।

যখন এই বিভ্রান্তের দল কোন বক্তব্যের কোন দলীল পায় না, তখন কিতাব থেকে তারা এমন আয়াত খুঁজতে থাকে যেমনটি তাদের মন চায়। তারা সেইসব আয়াত খুঁজে যেগুলো দ্বারা জোড়াতালি দিয়ে তাদের খোড়া যুক্তিকে দাঁড় করাতে পারে। তারা কিছু আয়াতের ভুল ব্যাখ্যা দিয়ে কোরআনের সেই আয়াতকে অস্বীকার করে যেগুলো স্পষ্ট এবং সন্দেহাতীত। যেমন সূরা মুমতাহিনার আয়াতটি ঃ

আর অবশ্যই তোমাদের জন্য উত্তম আদর্শ রয়েছে ইব্রাহীম ও তাঁর অনুসারীদের মধ্যে। তারা তাদের সম্প্রদায়কে বলেছিলঃ আমাদের কোন সম্পর্ক নেই তোমাদের সাথে এবং আল্লাহকে ছেড়ে তোমরা যাদের ইবাদত কর তাদের সাথেও ... (আল-মুমতাহিনা ৬০ঃ ৪)

লক্ষ্য করুন এই আয়াতের শুরুতে আল্লাহ তা'আলা কি বলেছেন- **'এতে উত্তম আদর্শ রয়েছে।'** পরবর্তী আয়াতে সেই একথা তিনি আবার উল্লেখ করেছেন গুরুত্ব সহকারে,

নিশ্চয় তাঁদের (ইব্রাহীম ও তাঁর অনুসারীগণ) মধ্যে উত্তম আদর্শ রয়েছে, যারা আল্লাহ ও আখিরাতের প্রত্যাশা করে তাদের জন্য ... (আল-মুমতাহিনা ৬০ঃ ৬)

এমন স্পষ্ট আয়াত ছেড়ে তারা ছুটে যায় সূরা হুদ এর সেই আয়াতটির। সেখানেও আল্লাহ পরবর্তীতে ইব্রাহীম (আঃ)-কে সম্বোধন করে বলেছেন,

ও ইব্রাহীম! এ কথা ছেড়ে দাও। (হুদ ১১ঃ ৭৬)

একবার চিন্তা করে দেখুন এই সব বিভ্রান্ত মানুষের কথা; শয়তান কিভাবে তাদের পথভ্রষ্ট করেছে এবং প্রশংসা করুন মহান আল্লাহর যিনি হিদায়াতের পথ দেখিয়েছেন।

'তোমাদের অন্তরের জন্য দু'টি চোখকে জাগিয়ে দাও।
আর রহমানের ভয়ে যারা শুধুই কাঁদবে।
কারণ তোমার রব চাইলে তুমি হতে তাদেরই মতন।
তোমার ক্বলবের নিয়ন্ত্রণ তো আর রহমানের হাতে।

- দ্বিতীয়ত, তারা বলেছেন ইব্‌রাহীম (আঃ)-এর শরীয়াহ আমাদের পূর্বের উম্মতদের জন্য, আমাদের জন্য ইব্‌রাহীম (আঃ) এর শরীয়াত নয়। আশ্চর্য যুক্তি ! এই যদি তাদের কথা হয় তাহলে আল্লাহ তা'আলার সেই সব আয়াত সম্পর্কে তারা কি বলবেঃ

আর অবশ্যই তোমাদের জন্য উত্তম আদর্শ রয়েছে ইব্‌রাহীম ও তাঁর অনুসারীদের মধ্যে। তারা তাদের সম্প্রদায়কে বলেছিলঃ আমাদের কোন সম্পর্ক নেই তোমাদের সাথে এবং আল্লাহকে ছেড়ে তোমরা যাদের ইবাদত কর তাদের সাথেও। আমরা তোমাদেরকে প্রত্যাখ্যান করি। আর তোমরা এক আল্লাহর প্রতি ঈমান না আনা পর্যন্ত আমাদের ও তোমাদের মধ্যে চিরতরে শত্রুতা ও বিদ্বেষ সৃষ্টি হয়ে রইল। (আল-মুমতাহিনা ৬০ঃ ৪)

সবগুলো আয়াতই স্পষ্ট–

তোমরা যারা আল্লাহ ও আখিরাতের প্রত্যাশা কর অবশ্যই তোমাদের জন্য উত্তম আদর্শ রয়েছে তাঁদের (ইব্‌রাহীম ও তাঁর অনুসারীদের) মধ্যে। আর কেউ মুখ ফিরিয়ে নিলে সে জেনে রাখুক, আল্লাহ তো অভাবমুক্ত, প্রশংসার্হ। (আল-মুমতাহিনা ৬০ঃ ৬)

এখানেই শেষ নয়– আরও আছেঃ

ইব্‌রাহীমের মিল্লাত থেকে কে বিমুখ হতে পারে, সে ছাড়া যে নিজেকে নির্বোধ প্রতিপন্ন করেছে? (আল-বাকারা ২ঃ ১৩০)

আল্লাহ তা'আলা অন্য আয়াতে উল্লেখ করেছেনঃ

তারপর আমি আপনার প্রতি ওহী প্রেরণ করলাম যে, আপনি একনিষ্ঠভাবে ইব্রাহীমের মিল্লাত অনুসরণ করুন এবং তিনি মুশরিকদের দলভুক্ত ছিলেন না। (আন-নাহল ১৬ঃ ১২৩)

এছাড়া রাসূল (সঃ)-এর সুন্নাহতে নির্ভরযোগ্য অনেক হাদীস পাওয়া যায় যেখানে রাসূলুল্লাহ (সঃ) আল-হানিফিয়্যাহ, আস-সামহাহ; আমাদের পিতা ইব্রাহীম (আঃ) এর মিল্লাত।

কোরআন ও সুন্নাহতে এমন অসংখ্য দলীল আছে যা প্রমাণ করে যে, মুহাম্মাদ (সঃ) এর দাওয়াহর মাঝে কুফ্ফারদের প্রতি প্রকাশ্য শত্রুতা ও তাদের বিরোধিতা ছিল এবং শত্রুতা ছিল তাদের উপাস্য ও তাদের আইন বিধানের প্রতি। আর এটাই ছিল আমাদের পিতা ইব্রাহীম (আঃ) এর মিল্লাতের মূল স্তম্ভ।

বুখারী ও মুসলিমের বর্ণিত হাদীস থেকে পাওয়া যায়, "নবীগণ সবাই ছিলেন '*আলাত* সন্তান।" অর্থাৎ তাদের ভিক্তি ছিল এক ও অভিন্ন তবে শরীয়াহর শাখাপ্রশাখায় কিছু ভিন্নতা ছিল, এ বইতে আমরা এটাই প্রমাণ করার চেষ্টা করেছি যে, তাওহীদের দাবীই হলো শিরকের সাথে সাথে শত্রুতা পোষণ করা এবং এর সমর্থকদের বিরুদ্ধে অবস্থান নেয়া। এক্ষেত্রে 'মানসুখ' (একটির আগমনের আরেকটি বাতিল হওয়া) হওয়ার মতো কোন বিষয় নেই। কারণ এটা শরীয়াহর বিষয় নয় যে পূর্বের শরীয়াহ বাতিল হয়ে নতুন শরীয়াহ কার্যকর হয়েছে। বরং এটা সেই অপরিবর্তনীয় তাওহীদের নীতি যা সকল নবী রাসূলগণ অনুসরণ করেছেন, শিরক ও মুশরিকদের সাথে শত্রুতা পোষণের নীতি একটাইঃ

আল্লাহ তা'আলা বলেছেনঃ

আল্লাহর ইবাদত করবার ও ত্বগুতকে বর্জন করবার নির্দেশ দেয়ার জন্যই আমি প্রত্যেক জাতির মধ্যেই রাসূল পাঠিয়েছি। (আন-নাহল ১৬ঃ ৩৬)

মহিমাময় আল্লাহ আরো বলেছেনঃ

আমি তোমার পূর্বে এমন কোন রাসূল প্রেরণ করি নাই তাহার প্রতি এই ওহী ব্যতিত যে, আমি ছাড়া কোন ইলাহ নাই। সুতরাং আমারই ইবাদাত কর। (আল-আম্বিয়া ২১ঃ ২৫)

অন্য আয়াতে তিনি আরো বলেছেনঃ

তিনি (আল্লাহ) তোমাদের জন্য সেই দ্বীন নির্ধারিত করেছেন, যা তিনি নূহকে নির্দেশ দিয়েছেন, এবং যা আমি আপনার প্রতি ওহীর মাধ্যমে প্রেরণ করেছি, আর আমি ইব্‌রাহীম.....(শূরা ৪২ঃ ১৩)

- তৃতীয়ত, সমালোচকদের বক্তব্যটি ছিল সূরা মুমতাহিনার আয়াতটি মদীনায় নাযিল হওয়ার ব্যাপারে; অর্থাৎ যখন দারুল ইসলাম (ইসলামী রাষ্ট্র) ছিল তখন এই আয়াত নাযিল হয়ঃ

এর উত্তরে আমরা বলতে চাই, আল্লাহ তা'আলা দ্বীনকে পরিপূর্ণ করেছেন এবং তাঁর নিয়ামতকে সম্পূর্ণ করেছেন আমাদের জন্য, আমরা একটি পরিপূর্ণ দ্বীন পেয়েছি, যা আমাদেরকে অনুসরণ করতে হবে। কেউ যদি অনুসরণ করার ক্ষেত্রে মাক্কী ও মাদানী আয়াতের মাঝে পার্থক্য করতে চায়, তাহলে তাদেরকে দলীল পেশ করতে হবে নতুবা তারা মিথ্যুক সাব্যস্ত হবে। কারণ, আল্লাহ বলেছেনঃ

আপনি বলুনঃ যদি তোমরা সত্যবাদী হও তবে প্রমাণ নিয়ে এসো। (আল-বাকারা ২ঃ ১১১)

কোন ধরনের দলীল ছাড়া ইচ্ছামত এমন যুক্তি পেশ করলে, তা বাস্তবিকই, দ্বীনের মধ্যে ব্যাপক ভ্রান্তির দরজা খুলে দেয়। সেই সাথে এই ধরনের যুক্তি শরীয়াহর অনেক বিষয়কে অস্বীকার করতে বলে। তবে তারা যদি একথা বলতো যে, "এ মিল্লাত পূর্ণ বহিঃপ্রকাশ ঘটানো বা প্রকাশ্যে ঘোষণা দেয়া বিষয়টি, একটি মুসলিমের (একাজ করার) ক্ষমতার উপর নির্ভর করে।" তাহলে আমাদের কোন বিরোধিতা থাকতো না। কিন্তু তারা তো যুক্তি দিয়ে বর্তমান অবস্থায় এ ধরনের কাজকে অবান্তর বলেই উড়িয়ে দিতে চাচ্ছে। ইব্‌রাহীম (আঃ) যখন তাঁর অল্প সংখ্যক অনুসারীদের নিয়ে এ ঘোষণা দেন, তখন তো তাঁর কোন রাষ্ট্র ছিল না বরং তারা সেখানে ছিল দুর্বল। তারপরও আল্লাহ তা'আলা ইব্‌রাহীম (আঃ)-কেই আমাদের উত্তম আদর্শ বলেছেন; যারা বিশ্বাস রাখি আল্লাহ ও আখিরাতের উপর তাদের জন্য। আর আমরা তো এ কথা ভালো করেই জানি যে, মুহাম্মাদ (সঃ) মাক্কী কি মাদানী - তার সারাটি জীবনই তিনি এই তাওহীদের দাওয়াহ দিয়ে গেছেন। তাঁর দাওয়াহর মাঝে তিনি সম্পর্ক ছিন্ন করেছেন শিরকের সাথে আর তারা যেগুলোর ইবাদত করতো সেগুলোর সাথেও। আর এটাই ছিল ঈমানের সবচেয়ে মজবুত বাঁধন; যার ইতিহাস আমরা তাঁর সীরাতে খুঁজে পাই – আল্লাহ তাঁর প্রতি শান্তি ও রহমত বর্ষণ করুন। এ বইতে আমরা এমন কিছু উদাহরণও তুলে ধরেছি। আর যদি তর্কের খাতিরে ধরেও নিই যে, এই আয়াতটির সাথে ইসলামী রাষ্ট্র থাকা না থাকা সম্পর্ক রয়েছে; তাহলে ঐ সমস্ত সূরা ও আয়াত সম্পর্কে কি বলবেন যেখানে শিরকের সাথে শত্রুতাকে স্পষ্ট করা হয়েছে ?

.   .

আপনি বলে দিনঃ হে কাফিরগণ ! আমি তার ইবাদত করি না তোমরা যার ইবাদত কর । (আল-কাফিরূন **১**০৯ঃ **১**-২)

... তাঁর এই বাণী পর্যন্ত ঃ

তোমাদের দ্বীন (কুফর) তোমাদের জন্য এবং আমাদের দ্বীন আমাদের জন্য । (আল-কাফিরূন **১**০৯ঃ ৬)

আবু লাহাবের বিরুদ্ধে নাযিলকৃত আয়াতটিঃ

ধ্বংস হোক আবু লাহারের হস্তদ্বয় এবং ধ্বংস হোক সে নিজেও । (লাহাব **১১১**ঃ **১**)

এছাড়া এই আয়াতটির কথা ভাবুন । যেখানে আল্লাহ বলেছেন ঃ

.   .   .

.

তোমরা কি ভেবে দেখেছ লাত ও উয্যা সম্বন্ধে এবং তৃতীয় আরেকটি মানাত সম্বন্ধে? তোমাদের জন্য পুত্র সন্তান এবং আল্লাহর জন্য কন্যা সন্তান ? এই প্রকার বন্টনতো অসংগত? এগুলো কতক নাম মাত্র যা তোমাদের পূর্বপুরুষরা ও তোমরা রেখেছো, যার সমর্থনে আল্লাহ কোন প্রমাণ নাযিল করেননি । তারা তো অনুমান এবং নিজেদের প্রবৃত্তিরই অনুসরণ করে, অথচ তাদের নিকট তাদের প্রতিপালকের তরফ থেকে পথ নির্দেশ এসেছে । (আন-নাজ্‌ম ৫৩ঃ **১**৯-২৩)

সূরা আম্বিয়ার আয়াত দু'টিও কি একই কথা বলে নাঃ

.

নিশ্চয়! তোমরা (কাফিররা) এবং তোমাদের ঐ সব ইলাহ যাদের তোমরা আল্লাহকে ছেড়ে ইবাদত করছ, সবাই জাহান্নামের ইন্ধন হবে। তোমরা সবাই তাতে প্রবেশ করবে। যদি তোমাদের এই আলিহারা (ইলাহ- এর বহু বচন) প্রকৃত উপাস্য হতো তাহলে তারা জাহান্নামে প্রবেশ করতো না। আর তারা সবাই তাতে অনন্তকাল থাকবে। (আল-আম্বিয়া ২১ঃ ৯৮-৯৯)

এসব আয়াতই মক্কায় নাযিল হয়েছে। এমন আরো অনেক রয়েছে। আমরা এই বইতে আরো উল্লেখ করতে চাই আল্লাহর সেই বক্তব্য যা তাঁর রাসূল (সঃ)-এর ব্যাপারে দিয়েছেনঃ

আর যখন কাফিররা আপনাকে দেখে তখন তারা আপনাকে শুধু ঠাট্টা বিদ্রুপের পাত্ররূপে গ্রহণ করে। তারা বলেঃ এ কি সেই লোক, যে তোমাদের দেবীদের সমালোচনা করে। (আল-আম্বিয়া ২১ঃ ৩৬)

আয়াতের শেষ অংশ লক্ষ্য করুন মুহাম্মাদ (সঃ)-এর সম্পর্কে কি বলা হয়েছে- " যে তোমাদের দেব-দেবীদের সমালোচনা করে।" অর্থাৎ রাসূলুল্লাহ (সঃ) এসব দেব-দেবীর বিরুদ্ধে কথা বলতেন এবং তিনি নিজেকে এসব মুশরিক ও কাফিরদের থেকে মুক্ত ঘোষণা করেছেন। এসব ঘটনা কি মদীনার ? নাকি এগুলো মক্কার আয়াত ? উদাহারণ তো রয়েছে আরো অনেক।

- চতুর্থত, তাদের কেউ কেউ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক মূর্তি ভাঙার হাদীসটিকে দুর্বল বলেছেন, আর তারা ভেবেছেন যেন এই একটি সমালোচনাই এই মহান মিল্লাত সংক্রান্ত পুরো বইয়ের সকল বক্তব্যকে উড়িয়ে দিবে।

এক্ষেত্রে আমাদের প্রথম জবাব হলো- এই হাদীসটি হাসান সূত্রে মুসনাদ আল-ইমাম আহমাদ কর্তৃক বর্ণিত হয়েছে।

আব্দুল্লাহ বলেন, "আমার পিতা আমাকে বলেছেন, 'আসবাত বিন মুহাম্মাদ আমাদের কাছে বর্ণনা করেছেন, নাইম বিন হাকিম আল-মাদানী আমাদের কাছে বর্ণনা করেছেন, আবি মারিয়াম থেকে, তিনি আলী রাদিআল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, যিনি বলেন, *"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং আমি বের হলাম আর কাবা পর্যন্ত পৌঁছুলাম। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেন, 'বসো'; এবং তিনি আমার কাঁধের উপর উঠলেন। অতঃপর আমি তাকে উঁচু করতে লাগলাম, কিন্তু তিনি আমার দুর্বলতা বুঝতে পারলেন। সুতরাং তিনি নামলেন এবং আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার জন্য বসে পড়লেন এবং বললেন, "আমার ঘাড়ের উপর উঠো"। তিনি (আলী (রাঃ)) বলেন, 'সুতরাং আমি তাঁর ঘাড়ের উপর উঠলাম'। তিনি (আলী (রাঃ)) বলেন, 'অতঃপর তিনি আমাকে নিয়ে উঠে দাঁড়ালেন।'*

তিনি (আলী (রাঃ)) বলেন, 'আমার মনে হতে লাগল যেন আমি ইচ্ছা করলে আকাশের দিগন্তে পৌঁছাতে পারতাম যতক্ষণ না আমি সেই ঘরের (কাবা) উপর পৌঁছুলাম যেখানে তামা বা পিতলের মূর্তি ছিল। সুতরাং এটিকে এর ডানে, বামে, সামনে ও পেছনে ঠেললাম, যতক্ষণ না এটি আমার আয়ত্তে আসল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেন, 'এবার ওটাকে ফেলে দাও।' সুতরাং আমি এটাকে ফেলে দিলাম এবং এটি ভাঙা বোতলের ন্যায় চূর্ণ হয়ে গেল। এরপর আমি নামলাম এবং রাসূলুল্লাহ এবং আমি দ্রুত প্রস্থান করলাম যতক্ষণ না আমরা বাড়িগুলোর মাঝে লুকালাম, এই ভয়ে যে কওমের কেউ হয়ত আমাদের দেখে ফেলবে।"

আমার (লেখকের) বক্তব্য হলোঃ আসবাত ইবন মুহাম্মাদ বিশ্বাসযোগ্য ব্যক্তি তাকে শুধু আছ ছাওরী থেকে বর্ণনাকৃত হাদীসের জন্যই দুর্বল ধরা হয়। আর এক্ষেত্রে তিনি আথ-থাওরী থেকে বর্ণনা করেননি।

আর নাইম বিন হাকিমকে '*তারিখ বাগদাদ*' গ্রন্থে নির্ভরযোগ্য বলে ঘোষণা দিয়েছেন ইয়াহিয়া ইবন মাইন এবং আল-আজালি। [তারিখ বাগদাদ ১৩/৩০৩]

এবং আব্দুল্লাহ ইবন আহমাদ বিন হাম্বল আরো বলেন, "নাসর ইবন আলী আমার নিকট বর্ণনা করেন, আব্দুল্লাহ ইবন দাউদ আমাদের নিকট বর্ণনা করেন, নাইম বিন হাকিম থেকে, তিনি আলী রাদিআল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, তিনি (আলী (রাঃ)) বলেন, *"কাবার উপর কিছু মূর্তি ছিল, সুতরাং আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এর উপর তুলতে শুরু করলাম, কিন্তু আমি অক্ষম ছিলাম। অতএব তিনি আমাকে উঁচু করলেন এবং আমি সেগুলেতে আঘাত করতে শুরু করলাম। আর আমি যদি চাইতাম তাহলে আকাশে পৌঁছাতে পারতাম।" [আল মুসনাদ ১/১৫১]*

এবং আল-হায়ছামী তাঁর *মুজমি আল জাওয়াইদ* গ্রন্থে *"তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কতৃক মূর্তি ধ্বংসকরণ"* অধ্যায়ে এই হাদীসটি উল্লেখ করেছেন, এবং এরপর তিনি বলেছেন, '... আহমাদ ও তার পুত্র, আবু ইয়ালা এবং আল-বাজ্জার কর্তৃক বর্ণিত। তিনি (আল-বাজ্জার) আলী (রাঃ) র কথার পর আরো কিছু কথা যোগ করেছেনঃ '*... সুতরাং আমরা বাড়িগুলোর মাঝে আশ্রয় নিলাম। এরপর এতে (কাবায়) আর একটিও যোগ করা হয়নি*'- অর্থাৎ আর কোন মূর্তি যোগ করা হয়নি। তিনি বলেন, *'... এবং এই সকলের (বর্ণনার) বর্ণনাকারীগণ প্রত্যেকেই বিশ্বাসযোগ্য।' [মুজমি আজ-জাওয়াইদ, খন্ড ৬/২৩]*

এবং আল–খাতিব আল-বাগদাদী বলেন, "আবু নাইম আল হাফিয আমাদের নিকট লিখিত দলীল থেকে বর্ণনা করেন, আবু বকর আহমাদ ইবন ইউসুফ ইবন খাল্লাদ আমাদের নিকট বর্ণনা করেন, 'মুহাম্মাদ ইবন ইউনুস আমাদের নিকট বর্ণনা করেন,''আব্দুল্লাহ ইবন দাউদ আল খুরাইবি আমাদের নিকট নাইম বিন হাকিম আল মাদানী থেকে বর্ণনা করেন, তিনি বলেন, 'আমার নিকট আবু মারইয়াম, আলী ইবন আবু তালিব থেকে (রাঃ) বর্ণনা করেন, যিনি বলেনঃ '*রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে সাথে নিয়ে মূর্তিগুলোর নিকট গেলেন।*

অতঃপর তিনি বললেন, 'বস', সুতরাং আমি কাবার পাশে বসলাম। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার ঘাড়ে উঠলেন এবং বললেন, 'আমাকে নিয়ে মূর্তির (নাগাল পাওয়া পর্যন্ত) উঁচু হও।' সুতরাং উঠে আমি দাঁড়ালাম কিন্তু যখন তিনি তাঁর নিচে আমার দুর্বলতা টের পেলেন, তিনি বললেন, 'বস', সুতরাং আমি বসলাম এবং আমার উপর থেকে তাকে নামতে দিলাম। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার জন্য বসলেন এবং আমাকে বললেন, 'হে আলী, আমার ঘাড়ের উপর উঠ,' সুতরাং আমি তাঁর ঘাড়ের উপর উঠলাম। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে নিয়ে উঠে দাঁড়ালেন এবং যখন (সোজা হয়ে) দাঁড়ালেন তখন আমার মনে হল যেন আমি যদি চাইতাম তাহলে আকাশে পৌঁছাতে পারতাম। এবং কবার উপরে উঠলাম এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সরে দাঁড়ালেন। সুতরাং আমি তাদের সবচেয়ে বড় মূর্তিটির দিকে এগুলাম; মূর্তিটি কুরাইশদের; যা ছিল তামার তৈরী এবং এটি কাবার সামনের দেয়ালের সাথে লোহার হুক দ্বারা আটকানো ছিল। সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেন, 'ওটাকে পাকড়াও (মুক্ত কর)'। সুতরাং আমি ওটাকে পাঁকড়াতে থাকলাম এবং পাঁকড়ানো থামালাম না। এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতে লাগলেন, 'চালাতে থাকো, চালাতে থাকো, চালাতে থাকো।' আর একে ঠেলা বন্ধ করলাম না যতক্ষণ না একে পাকড়াও করে মুক্ত করলাম। অতঃপর তিনি বললেন, 'একে আঘাত কর!' সুতরাং আমি আঘাত করলাম এবং এটাকে ভাঙলাম এবং এরপর আমি নেমে আসলাম।" [তারিখ বাগদাদ, খন্ড ১৩/৩০২-৩০৩]

আমার (লেখক) বক্তব্য হলোঃ আবু মারইয়াম হচ্ছেন কায়স আস-সাকাফি আল-মাদা'নী, তিনি বর্ণনা করেছেন আলী (রাঃ) থেকে, আর তার (কায়স) কাছ থেকে বর্ণনা করেছেন নাইম ইবন হাকিম। ইবন হিব্বান *'আছ ছিকাক্ব'* গ্রন্থে তার কথা উল্লেখ করেছেন; আর আন নাসাঈ তাকে বিশ্বাসযোগ্য বলেছেন। বিষয়টি আল হাফিজ ইবন হাযার ব্যাখ্যা করেছেন, "এটি একটি ভুল যে (কেউ কেউ দাবী করে) আবু মারইয়াম আল-হানাফীই 'কায়স'। কিন্তু সত্য কথা হলো, যাকে কায়স বলা হয়ে থাকে তিনি আসলে আবু মারইয়াম আস-সাকাফি (আল-হানাফি নন)..." এরপর তিনি বলেন, "... তবে আমার পঠিত আন নাসাঈর *'আত তামইয'* গ্রন্থে তিনি একজনকেই উল্লেখ করেছে আবু মারইয়াম কায়স আস-সাকাফি নামে। হ্যাঁ, তিনি *'আত তামইয'-এ* তার কথা উল্লেখ করেছেন, কিন্তু আবু মারইয়াম আল হানাফির কথা তিনি উল্লেক করেননি; এর কারণ হলো, তিনি শুধুমাত্র তাদের কথাই উল্লেখ করেছেন যাদের সম্পর্কে তিনি জানতেন।"

আর যারা এই হাদীসের বিরুদ্ধে কথা বলেছেন তারা এই দু'জন মানুষকে (আছ ছাকাফি ও আল হানাফি) নিয়ে তালগোল পাকিয়ে ফেলেছেন, সুতরাং এ ব্যাপারে সতর্ক হওয়া উচিৎ। এছাড়াও আল হাফিয আয যাহাবী তাকে বিশ্বত্ব মনে করতেন[৪]; আর ইবন আবি হাকিম তাকে *'আয-যারহ আত-তা'দিল'* গ্রন্থে উল্লেখ করেছেন এবং আল বুখারী উল্লেখ করেছেন *'আত তারিখ আল কাবীর'* গ্রন্থে কিন্তু তিনি তার ব্যাপারে কোন সমালোচনা করেননি, প্রশংসাও করেননি। সুতরাং তিনি আল-হানাফি বা আল-কুফি নন। *[মিজান আল ইতিদাল (৪/৫৭৩)]*

---

[৪] আল-কাসিফ (৩/৩৭৬)

এবং এই হাদীসটিকে প্রত্যয়ন করেছেন আল্লামাহ আহমেদ শাকির; তিনি বলেছেনঃ “এই বর্ণনাসূত্র সহীহ। নাইম ইবন হাকিমকে বিশ্বাসযোগ্য মনে করতেন আল মা'ইন এবং অন্যরা; এবং আল বুখারী তার ব্যাপারে বলেছেন *‘আত তারিখ আল কাবীর’* গ্রন্থে কিন্তু তিনি তার ব্যাপারে কোন সমালোচনা করেননি। আবু মারইয়াম; তিনি হলেন আস-সাকাফি আল-মাদা'নী এবং আল বুখারী তার ব্যাপারেও বলেছেন, তবে তিনি তার কোন সমালোচনা করেননি।” তিনি বলেন, “এবং যে বিষয়টি এখানে পরিষ্কার তা হলো যে, এটি হিজরতের (মদীনায়) পূর্বের ঘটনা।[৫]

আমার বক্তব্য হলোঃ আর তাছাড়া, এই হাদীসটি উল্লেখ করার পর, এই গ্রন্থে আমি একথা উল্লেখ করেছি যে, ”... এসব সত্ত্বেও, আমরা যদি তর্কের খাতিরে স্বীকার করেও নিই যে, মক্কায় যখন ইসলাম দুর্বল অবস্থায় ছিল; তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক মূর্তি ভাঙার ঘটনাটি সহীহ নয়; তারপরও তিনি তখন একান্ত অনুসরণের দ্বারা এই মিল্লাতের অনুসারী ছিলেন; কঠোরভাবে তিনি এটি অনুশীলন করেছেন; কারণ তিনি কখনো এক মুহূর্তের জন্যও কাফিরদের সাথে আপোষ করেননি। আর তাদের মিথ্যা ভন্ডামী বা তাদের দেবতাদের বিরোধিতা করা থেকে বিরত হননি। বরং এই তের বছর এবং এর পরবর্তী বছর সমূহেও তাঁর সকল লক্ষ্য ও প্রচেষ্টার কেন্দ্রবিন্দু ছিলঃ

আল্লাহর ইবাদত কর এবং ত্বগুত থেকে নিরাপদ থাক। (আন-নাহল ১৬ঃ ৩৬)

‘সুতরাং তিনি তের বছর তাদের মধ্যে অবস্থান করেছেন এর মানে এই নয় যে, তিনি তাদের গুণগান করেছেন বা প্রশংসা করেছেন, অথবা তাদের সম্মান করার মত কোন চুক্তি করেছেন...” আমি এও বলেছি, “... তিনি বরং প্রকাশ্যে মুশরিকদের সাথে ও তাদের কর্মকান্ডের সাথে তাঁর শত্রুতা এবং বিচ্ছিন্নতার ঘোষণা দিতেন; আর তাঁর নিজ ও তার সাহাবাদের দুর্বলতা সত্ত্বেও তাদের দেবতাদের প্রতি কুফর ঘোষণা করতেন। আমরা ইতিমধ্যেই আপনাদের কাছে বিষয়টি ব্যাখ্যা করেছি। আর আপনি যদি মাক্কী যুগে নাযিলকৃত সূরাগুলো পড়েন তাহলে বিষয়টির অধিকাংশই আপনার কাছে পরিষ্কার হয়ে যাবে... ।”

সুতরাং তেমন নয় - যেমনটি তারা (সমালোচকগণ) ভেবেছেন যে - শুধুমাত্র একটি হাদীসের উপর ভিত্তি করেই পুরো আলোচনাকে দুর্বল হিসেবে গণ্য করবেন। বরং এ বিষয়ের পক্ষে ইসলামী শরীয়াতে বড় বড় সাক্ষী (দলীল); স্পষ্ট প্রমাণ; সুনিশ্চিত নীতি (ফিকহ) এবং সুপ্রতিষ্ঠিত বিধান রয়েছে। যা প্রতৃতপক্ষে কেউই অস্বীকার করবে না একমাত্র সে ছাড়া যে অহংকার করে কোন কিছু অস্বীকার করে।

আর সত্য তো এক শক্ত পিলার,
ভাঙবে তাকে সাধ্যটা কার?
যদিও তুমি একসাথে নাও,
সমস্ত কিছু জগৎটার।

[৫] আহমেদ শাকির কর্তৃক লিখিত আল মুসনাদের ব্যাখ্যা দ্রষ্টব্য (২/৫৮)

আর এই আলোচনাতেই আশা করি যথেষ্ট প্রমাণ রয়েছে তাদের জন্য যারা হিদায়াত পেতে চায়।

এই ভূমিকা সমাপ্ত করার আগে আমি আরো একটি বিষয়ে আলোকপাত করতে চাই, কারণ জেলে থাকাকালীন কিছু সুপরিচিত ইরজায়ী[৬] দলের ব্যক্তিদের সাথে আমার ঈমান ও তৎসংক্রান্ত বিষয়াদি নিয়ে কিছু বিতর্ক হয়েছে।

এদের মধ্যে একজন ছিল যে ছিল এদের নেতাদেরও নেতা; আর সে শিরক ও মানব রচিত আইনের সৈনিকদের রক্ষা করার জন্য দলীল দিতঃ হাতিব ইবন আবি বালতায়া (রাঃ) এবং আবু লুবাবাহ আল-আনসারী (রাঃ) এর ঘটনা থেকে। সে দাবী করত যে হাতিব কাফিরদের পক্ষে গুপ্তচরবৃত্তি করেছিল এবং তাদের সাথে হাত মিলিয়ে ছিল এবং আবু লুবাবাহ আল্লাহ ও তাঁর রাসূলের সাথে বিশ্বাসঘাতকতা করেছিল; তবুও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে কাফির ঘোষণা করেননি[৭]। আর এখান থেকেই সে কিয়াস করে বুঝতে পারে যে, এইসব শিরক ও মানব রচিত আইনের জন্য যুদ্ধরত সৈনিকদের বিরুদ্ধে যুদ্ধ করা শরীয়াত বিরোধী; আর এইসব মানুষের প্রতি তাদের শত্রুতাও ঐ দুই সাহাবার আমলের ভিত্তিতেই গড়ে ওঠে। তাদের মতে ত্বগুতের এইসব সহচর ও সৈনিক যারা শিরক ও মানব রচিত আইন রক্ষার জন্য ও ত্বগুতের সিংহাসন রক্ষার জন্য তাদের জীবনকে উৎসর্গ করেছে এবং শারীয়াহ ও তার অনুসারীদের বিরুদ্ধে যুদ্ধ করছে; তাদেরকে কাফির ঘোষণা করা যাবে না কারণ, তাদের অপরাধ হাতিব বা আবু লুবাবাহর কাজের সমান নয়! সে এসব ধৃষ্টতার সীমা চরমভাবে অতিক্রম করে যখন আমরা তাকে জানালাম যে তারা শিরক ও মানব রচিত আইনের সৈনিকদের তাকফির করে না, তাদেরকে শুধুমাত্র অন্যায়কারী দুষ্টলোক মনে করে। আর এতেই সে ক্রোধে ফেটে পড়ে, কারণ তার মতে আমরা তার কথাকে বিকৃত করেছি; আসলে সে ঢালাওভাবে এইসব মানুষকে অন্যায়কারী বা দুষ্টলোক বলেনি। তিনি এই শব্দগুলো ব্যবহার করেছেন তাদেরকে তাকফির করার বিপক্ষে তার ব্যাখ্যা দেয়ার জন্য, তার মতে প্রকৃতপক্ষে, 'তাদের মধ্যে কেউ কেউ হয়ত অন্যায়কারী বা দুষ্ট প্রকৃতির।'[৮] সে বলতে চাচ্ছিল যে, তাদের কেউ কেউ তাদের ব্যক্তিগত আমলের ভিত্তিতে অন্যায়কারী (ফাসেক) হতে পারে, কিন্তু ত্বগুতকে সহায়তা করা বা শরীয়াত ও এর অনুসারীর বিরুদ্ধে যুদ্ধ করা এসব কোন কারণে তারা মোটেই দোষী নয়।

---

[৬] ইরজাঈ দল বলতে মুরজিয়াদের কথা বলা হয়েছে। তারা মনে করে মানুষ তার কাজের দ্বারা কাফির হয় না। তারা কখনোই তাদেরকে তাকফির করে না যারা আল্লাহর আইন বাদ দিয়ে তাদের আইন প্রতিষ্ঠা করে বা আল্লাহর আয়াত নিয়ে ঠাট্টা বিদ্রুপ করে। এ ব্যাপারে শেখ আবু মুহাম্মাদ আল-মাকদিসী '*মুরজিয়াত আল-আসর*' নামে একটি বই লিখেছেন।

[৭] আমি তাদের জেলে থাকা অবস্থায় একটি বই লিখেছি; বইটির নাম ঃ"*আশ শিহাব আস-সাকিব ফি আর-রাদ আলা মান ইফতারা আলা আস-সাহাবী হাতিব*"।

[৮] অর্থাৎ সাধারণভাবে ঐ ব্যক্তি এসমস্ত ত্বগুতের সৈনিক, যারা শরীয়াত ও তাওহীদের বিরুদ্ধে যুদ্ধ করছে, তাদের অন্যায়কারী বা দুষ্টলোক বলতেও নারাজ।

সুতরাং আমি তাদেরকে বললাম, "এটা খুবই আশ্চর্যের বিষয় যে, শিরক ও ত্বগুতের সৈনিক যারা আল্লাহর সমকক্ষ করছে, তাদেরকে অন্যায়কারী বা ফাসেক বলাকে তোমরা অন্যায় মনে করছ, অথচ হাতিবের (রাঃ) ব্যাপারে তোমাদের বক্তব্য নির্দ্বিধায় বলে যাচ্ছো যেঃ 'সে কাফিরদের সাথে হাত মিলিয়ে ছিলেন এবং তাদের পক্ষে গুপ্তচরবৃত্তি করেছিলেন'; আবার আবু লুবাবাহ (রাঃ) সম্পর্কে তোমরা বলছঃ 'তিনি আল্লাহ ও তাঁর রাসূলের সাথে বিশ্বাসঘাতকতা করেছিলেন।'" [তারা সাহাবাদের ব্যাপারে এমন ধৃষ্টতাপূর্ণ শব্দ ব্যবহার করছে অথচ তাগুতের সৈনিকদেরকে ফাসেক বললেও তারা রাগে ফেটে পড়ছে]। আর এখানেই তাদের সাথে আমাদের পার্থক্য সুস্পষ্ট হয়।

আর যখন জেলের ভিতর ইসলামপন্থীরা আমাদের সাথে তাদেরকে মিলিত ও ঐক্যবদ্ধ করার প্রয়াস চালায় , তখন এসব ইসলামপন্থীদের সাথে আমাদের কিছু বৈঠক হয়। তখন আমরা দেখলাম যে, এরাও ঐ তাদের মত একই ধারণা পোষণ করে [হাতিব ও আবু লুবাবাহ (রাঃ) এবং অন্যান্য ব্যাপারে]। সুতরাং আমি তাদেরকে বললাম, "সোজা কথা তোমাদের সাহচর্যের ব্যাপারে আমাদের কোন আগ্রহ নেই, কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবাদেরকে ধোঁকাবাজ মুনাফিক বললে তোমরা সেটাকে অন্যায় মনে কর না; অথচ আল্লাহর শত্রু ও ত্বগুতের সৈনিকদের শুধুমাত্র 'অন্যায়কারী' বললেই তোমাদের কাছে তা অপরাধ মনে হয়। আর একারণেই, আল্লাহর কসম করে বলছি তোমাদের সাহচর্যে আমাদের কোন আগ্রহ নেই। বরং তোমাদের পাত্তা দেই না আর তোমাদের নিয়ে আমরা নিজেদের ব্যস্ত রাখতে চাই না, কারণ আমরা এখন জেলে রয়েছি; আল্লাহ তা'আলার শত্রুদের মাঝখানে।"[৯] একথা বলার সাথে সাথে তাদের নেতা রেগে গেল এবং তার অন্তরের লুকানো সত্য প্রকাশ করে দিয়ে বলল, "প্রকৃতপক্ষে তোমরা মিল্লাতে ইব্‌রাহীমের দিকে আহবানকারী একজন ব্যক্তি ছাড়া আর কিছু না। আর যে ব্যক্তি মিল্লাতে ইব্‌রাহীমের দিকে ডাকে সে রাজনৈতিক কারণে বিভ্রান্ত। তারা যেটার দিকে ডাকে তা আসলে ইহুদী ও খ্রীষ্টানদের সাথে সামঞ্জস্য সৃষ্টিকারী- যারা (ইহুদী-খ্রীষ্টান) ইব্‌রাহীম (আঃ) এর বংশধর।" আর একারণেই এই ঘটনাটি একখানে উল্লেখ করলাম যাতে এ স্থানে একটি (মিল্লাতে ইব্‌রাহীম সম্পর্কে মানুষের অজ্ঞতার) প্রমাণ থাকে।

আর এই বক্তব্যের আমি কি জবাব দেব তা আমার জানা নেই।

আর আমি এসব মানুষের জবাব কিভাবে দিব যারা খিলাফাত প্রতিষ্ঠা করতে চায় অথচ তারা স্পষ্ট দু'টি জিনিসের পার্থক্য করতে জানে না। "ইব্‌রাহীমের বংশধরগণ"- এই কথাটিই ইদানিং ত্বওয়াঘিত (ত্বগুতের বহুবচন) ব্যবহার করছে ইহুদীদের ঠান্ডা করে তাদের সাথে শান্তি আলোচনায় বসার জন্য; আর এটির উদ্দেশ্য হলো ঈমানের বন্ধনসমুহ ছিন্ন করা এবং দ্বীনের ভিত্তিকে নষ্ট করা আর 'আল ওয়ালা বারা'আ' এর ভীত নষ্ট করা। এবং আল্লাহ আ'আলা তাদের জবাব দিয়েছেন; তিনি বলেনঃ

---

[৯] কারণ তারা সবসময়ই আল্লাহর শত্রুদের মন যুগিয়ে চলত। এছাড়াও তারা ওদের পিছনে সালাত আদায় করত। যখন আমরা আলাদাভাবে জুম্মা পড়তাম এবং অন্য কয়েদীরাও আমাদের সাথে যোগ দিত তখনও তারা ত্বগুতের সৈনিকদের পিছে সালাত আদায় করত, অথচ তাদেরকে এজন্য কেউ বাধ্য করেনি। তাদেরকে দেখলে তারা এগিয়ে গিয়ে আনন্দের সাথে সালাম দিত, ঈদের দিন চুমু খেত। আমি তাদের কয়েকজনকে দেখেছি যারা ইসলামের দাওয়া দেয় অথচ ত্বগুতি প্রচারণামূলক অনুষ্ঠানে যোগ দেয়।

ইব্রাহীম ইহুদীও ছিল না, খ্রীষ্টানও ছিল না; সে ছিল একনিষ্ঠ আত্মসমর্পনকারী (মুসলিম) এবং সে মুশরিকদের অন্তর্ভুক্তও ছিল না। (আলি-'ইমরান ৩ঃ ৬৭)

সুতরাং তারা এই কথার সাথে 'মিল্লাতে ইব্রাহীমের' পার্থক্য করে না; যার কারণে পিতা ও সন্তানের মাঝে সম্পর্কোচ্ছেদ হয়; কারণ এটিও হলো আর রহমানের বন্ধুদের সাথে আশ শায়তানের বন্ধুদের মাঝে পার্থক্যের মানদন্ড। আর এ ব্যাপারে আল্লাহ তা'আলা কুরআনুল কারীমে বলেনঃ

যে নিজেকে নির্বোধ করেছে সে ব্যতীত ইব্রাহীমের মিল্লাত থেকে আর কে বিমুখ হবে।
(আল-বাকারা ২ঃ ১৩০)

আর এই বইতে আমরা আপনাদের জন্য বিষয়টি ব্যাখ্যা করেছি; সুতরাং বিষয়টি বোঝার চেষ্টা করবেন এবং এর বিরোধিতাকারীদের বিভ্রান্তিতে কান দিবেন না।

হে আমার মুওয়াহিদ ভাই, আসলে এটা খুবই আফসোসের বিষয় যে, বইটি প্রকাশের পর থেকে শুরু করে আজ পর্যন্ত, আমার বিরোধীরা, আমার সাথে বিতর্ককারীরা বা যারা আমাদের ও আমাদের দাওয়াহ্‌র প্রতি অভিযোগের পর অভিযোগ উত্থাপন করতেন তারা অন্য কিছুই পাঠাননি শুধুমাত্র এই কয়েকটি হাস্যকর প্রশ্ন ছাড়া। আর এসব যুক্তিতর্ক এতই নিকৃষ্ট পর্যায়ের যে এর উত্তর দেয়াটাও আমাদের জন্য অসম্মানজনক। এবং আমরা এসবের উত্তর দিয়ে আমাদের সময় নষ্ট করতাম না, যদি না আমরা জানতাম যে, আজ আমাদের উম্মাহ মিল্লাতে ইব্রাহীম থেকে অনেক দূরে সরে গেছে এবং তাদের অনেকেই এসব মূর্খ এবং ভ্রান্ত আকীদার মানুষদের কথাকে গুরুত্ব দেয়, যাদের ব্যাপারে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সূরা আলি-'ইমরানের শুরুতে বলেছেন[১০]।

১০

তিনিই তোমার প্রতি নাযিল করেছেন এই কিতাব যার কতক আয়াত মুহকাম (স্পষ্ট), এগুলোই কিতাবের মূল; আর কতক আয়াত মুতাশাবিহ (রূপক); যাদের অন্তরে সত্য লংঘনের প্রবণতা রয়েছে শুধু তারাই ফিৎনা এবং ভুল ব্যাখ্যার উদ্দেশ্যে মুতাশাবিহাতের অনুসরণ করে। আল্লাহ ব্যতীত আর কেউ এর ব্যাখ্যা জানে না। আর যারা জ্ঞানে সুগভীর তারা বলে,'আমরা এটি বিশ্বাস করি, সমস্তই আমাদের রবের নিকট থেকে আগত এবং বোধসম্পন্ন ব্যক্তি ব্যতীত অপর কেউ শিক্ষা গ্রহণ করে না। (আলি 'ইমরান ৩ঃ ৭)

সুতরাং আমি আল্লাহর কাছে এই দ্বীনের বিষয়ের জন্য এবং এর শত্রুদের পরাভূত করার জন্য দোআ করি ।

আরো দোআ করি যেন তিনি আমাদেরকে এই মিল্লাতের পক্ষে কায়েম রাখুন যতদিন আমরা জীবিত থাকি; আমাদেরকে এই মিল্লাতের সৈনিক বানান এবং তাঁরই পথে আমাদের শহীদের মৃত্যু দান করেন । নিশ্চয় তিনিই আল কারীম । আল্লাহর রহমত বর্ষিত হোক তাঁর নবী মুহাম্মাদ ও তাঁর পরিবার এবং তাঁর সকল সাহাবার উপর ।

আবু মুহাম্মাদ

পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি, যিনিই আমার জন্য যথেষ্ট ও উত্তম অভিভাবক।

অনুচ্ছেদ ঃ মিল্লাতে ইব্‌রাহীমের বর্ণনা সম্পর্কিত

মিল্লাতে ইব্‌রাহীম সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন ঃ

আত্মভোলা বোকা লোক ব্যতিত মিল্লাতে ইব্‌রাহীম হতে আর কে বিমুখ হয়?
(আল-বাকারা ২ঃ ১৩০)

নবী মুহাম্মাদ (সঃ)-কে সম্বোধন করে বলেন ঃ

অতঃপর আমি আপনার কাছে একনিষ্ঠ মিল্লাতে ইব্‌রাহীমের অনুসরণ করার প্রত্যাদেশ করেছি। তিনি মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না। (আন-নাহল ১৬ঃ ১২৩)

এ ধরনের স্পষ্ট উক্তি দ্বারা মহান আল্লাহ আমাদের পথ ও পাথেয়'র কথা বর্ণনা করেছেন। অতএব সঠিক পথ ও যথার্থ পদ্ধতি হচ্ছে মিল্লাতে ইব্‌রাহীম। যার মধ্যে কোন অস্পষ্টতা ও সন্দেহ নেই। তাই যে ব্যক্তি দাওয়াতের সংশোধন ও তার অনুসরণে এ সঠিক পথ থেকে বিমুখ হবে সে ব্যক্তি মুসলিম সমাজের উপর ফিতনা ও বিপদাপদ নিয়ে আসবে। অথবা দুর্বল ঈমানের অধিকারী লোকদের অন্তরে শয়তান যে সকল কুমন্ত্রণা দিয়ে থাকে সেগুলোকে সে বয়ে নিয়ে আসবে। আর এ ব্যক্তিই হচ্ছে বোকা' যে ইব্‌রাহীম (আঃ)-এর দাওয়াতী পদ্ধতি হতে আরো ভাল দাওয়াতী পদ্ধতি সম্পর্কে সে অধিক অবগত মনে করে প্রতারণায় নিমজ্জিত।

অথচ আল্লাহ তা'আলা তাঁর পদ্ধতির প্রশংসা করেছেন। যেমন আল্লাহ তা'আলা বলেন ঃ

আমি ইতোপূর্বে ইব্‌রাহীমকে সৎপথের জ্ঞান দান করেছি ... (আম্বিয়া ২১ঃ ৫১)

আল্লাহ তা'আলা অন্যত্র বলেছেন ঃ

আমি ইব্‌রাহীমকে পৃথিবীতে মনোনিত করেছি আবার তিনি আখিরাতেও সৎ লোকদের অন্তর্ভুক্ত হবেন। (আল-বাকারা ২ঃ ১৩০)

তিনি ইব্‌রাহীমের দাওয়াত পদ্ধতিকে আমাদের জন্য উত্তম বলেছেন এবং সর্বশেষ নবী ও রাসূল মুহাম্মাদ (সঃ)-কে তাঁর দাওয়াত পদ্ধতির অনুসরণ করার নির্দেশ দিয়েছেন। যারা তাঁর পথ ও পদ্ধতি হতে বিমুখ তাদেরকে বোকা বলে আখ্যায়িত করেছেন। আর মিল্লাতে ইব্‌রাহীম হচ্ছে ঃ

- এক আল্লাহর জন্যই উপাসনাকে একনিষ্ঠ করা। প্রত্যেক ঐ সকল বিষয় তাঁর জন্য একনিষ্ঠ হতে হবে, যাকে অর্থবোধকভাবে একবাক্যে ইবাদত তথা উপাসনা বলা যায়।[১১]
- শিরক ও মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করা।

ইমাম শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাব (রহঃ) বলেন, দ্বীন ইসলামের মূলনীতি হচ্ছে দুটো ঃ

---

[১১] আল্লাহর প্রকৃত ইবাদত করা ব্যতিত বান্দা কখনো শিরক ও মুশরিকদের মুখোমুখি হয়ে যুদ্ধ করতে সাহস পাবে না। তাদের হতে মুক্ত হওয়ার শক্তি এবং তাদের বাতিলের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার সাহস হবে না। তাই আল্লাহ তা'আলা তার নবী মুহাম্মাদ (সঃ)-কে মাক্কী জিন্দেগীতে কুরআন তিলাওয়াত, তাহাজ্জুদ পড়তে বলেছেন এবং তাকে জানিয়ে দিয়েছেন, এটা হচ্ছে এমন পাথেয় যা তাকে কঠিন দাওয়াতী কাজের কষ্ট সহ্য করতে সাহায্য করবে। এটা তাকে এ আয়াত নাযিল হওয়ার পূর্বে বলা হয়েছিলঃ

"নিশ্চয় আমি আপনার উপকারী বাণী অবতীর্ণ করি।" (মুয্‌যামিল ৭৩ঃ ৫)

তিনি আরো বলেছেনঃ

. . .

"হে কম্বলওয়ালা! রাতের কিছু অংশ সালাত পড়ুন। অর্ধেক রাত অথবা অর্ধেক থেকে কিছু কম। অথবা তার চেয়ে বেশি এবং সঠিকভাবে কুরআন তিলাওয়াত করুন।" (মুয্‌যাম্মিল ৭৩ঃ ১-৪)

সে জন্যই রাসূল (সঃ) রাতে সালাত পড়তেন। তাঁর সাথে তাঁর সাহাবীগণও সালাত পড়তেন এমনকি তাদের পা ফুলে যেত। অন্য আয়াতে এ বিধানের হালকা বা শিথিলতা আসার পূর্ব পর্যন্ত।

এবং তাদের এ সালাতের উদ্দেশ্য ছিল আল্লাহ তা'আলার আয়াতসমূহ তিলাওয়াত ও আল্লাহর বাণী অনুধাবন করা। উত্তম পথের ও দা'য়ীর সামর্থ্য অর্জন করা। সেটাকে প্রতিষ্ঠিত করা ও দাওয়াতের কঠিন দুর্গমতা চিহ্নিত করা। যারা ধারণা করে, আল্লাহর একনিষ্ঠ ইবাদত দীর্ঘক্ষণ তার যিকির ও তাসবীহ ব্যতিত কেবল কঠোর পরিশ্রম দ্বারাই দাওয়াতী কাজ করা সম্ভব। তাহলে তারা ভুল করছে ও গোমরাহীর মধ্যে আছে। তাই তারা যত পদক্ষেপই নিক না কেন তা সফল হবে না। তারা সঠিক, সরল ও বিশুদ্ধ পথের সাথে পাথেয় ছাড়া সংযোগ স্থাপন করতে আদৌ সক্ষম হবে না। কেননা উত্তম পাথেয় হলো তাকওয়ার পাথেয়।

আল্লাহ এ সব প্রার্থনাকারীদের গুণ বর্ণনা করেছেন এবং যাদেরকে নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের সঙ্গে ধৈর্য ধরার আহ্বান করা হয়েছে। কেননা তারা তাদের রবকে সকাল সন্ধ্যা ডাকে এবং তার নৈকট্য কামনা করে। আর রাতে কমই ঘুমায়। তাদের পার্শ্ব অঙ্গ বিছানা হতে দূরে থাকে, এবং তারা ভয় ভীতি ও আকাঙ্খার সহিত তাদের রবকে ডাকে আর সেই ভীষণ দিনকে ভয় করে। আরো এ ধরনের অনেক গুণেই আল্লাহ তাদেরকে আক্ষায়িত করেছেন। তবে একনিষ্ঠ ইবাদত গুজার ব্যতিত তা করা সম্ভবপর নয়। আল্লাহ আমাদের ও তোমাকে সেই গুণীজনদের অন্তর্ভুক্ত করুন - তাই এখনই সজাগ হোন!!

প্রথমতঃ একমাত্র আল্লাহর ইবাদাত করতে আদেশ করা। যার কোন শরীক (অংশীদার) নেই। এ কাজ করতে উদ্বুদ্ধ করা ও ধারাবাহীকভাবে তা পালন করে যাওয়া আর যে তা বর্জন করবে তাকে কাফির বলে ঘোষণা করা।

দ্বিতীয়তঃ আল্লাহর ইবাদতে শিরক করার ভয়াবহতা বর্ণনা করা এবং এ ব্যাপারে কঠোরতা আরোপ করা। পরিত্যাগ করা। আর যে করবে তাকে কঠোর মনে করা।

এটাই হচ্ছে তাওহীদ যার দিকে আহ্বান করেছিল সমগ্র রাসূলগণ (আঃ)। আর এটাই হচ্ছে "লা-ইলাহা ইল্লাল্লাহ" এর অর্থ। ইখলাস, তাওহীদ ও ইবাদতে আল্লাহকে একক মানা। আল্লাহর দ্বীনকে ও তাঁর ওয়ালীদের (অনুসারীদের) সাথে সম্পর্ক বজায় রাখা। অস্বীকার করা। আল্লাহ ছাড়া সকল উপাস্যর সম্পর্ক ছিন্ন করা এবং তাঁর শত্রুদের সাথে শত্রুতা করা।

অতএব সেটি হচ্ছে বিশ্বাস ও কর্মে তাওহীদ, যা একই সাথে থাকবে আর সূরা ইখলাস তাওহীদ আল-ইতেকাদীর (বিশ্বাস) ও সূরা কাফিরূন তাওহীদ আল-আমালীর (কর্ম) দলীল। তাই নবী (সঃ) অধিক গুরুত্বের কারণে সূরা দুটি বেশী বেশি করে তিলাওয়াত করতেন এবং নিয়মিত ফজরের সুন্নাতে এবং অন্যান্য সলাতে পাঠ করতেন ।

একটি সতর্কীকরণ যা থেকে অবশ্যই উল্লেখযোগ্যঃ

কোন কোন ধারণাকারী ধারণা করে থাকে যে, আমাদের বর্তমান যুগে তাওহীদের পাঠদান, তার প্রকার জানা এবং তার তিন প্রকারকে বাহ্যিক দৃষ্টিতে শেখাই যথেষ্ট। বাতিল পন্থীদের ব্যাপারে নিরবতা পালন করা এবং তাদের বাতিল আকীদা সাথে সম্পর্ক ছিন্নের ঘোষণা না দিলেও চলবে।

এ ধরনের লোকদের সম্পর্কে আমরা বলবো, মিল্লাতে ইব্‌রাহীম যদি এমনই হতো তাহলে তাঁর জাতি তাকে আগুনে ফেলল কেন? বরং তিনি যদি তাদের সাথে নরম নরম কথা বলতেন, তাদের কতক ভ্রান্তির (বাতিলের) ব্যাপারে নিরবতা পালন করতেন এবং তাদের উপাস্য (মূর্তির) অসারতা বর্ণনা না করতেন এবং তাদের সাথে শত্রুতার ঘোষণা না দিতেন, তিনি তাঁর অনুসারীদেরকে শুধু তাওহীদের শিক্ষা দেওয়াই যথেষ্ট মনে করতেন এবং বাস্তব ক্ষেত্রে তা প্রয়োগ করার কোন উদ্যোগ গ্রহণ না করতেন যেমন কারো সাথে সম্পর্ক রাখা, কারো সাথে ছিন্ন করা, ভালবাসা বা ঘৃণা করা, শত্রুতা, আল্লাহর জন্য হিজরত ইত্যাদি। তাহলে তাঁর যুগের লোকেরা তাঁর জন্য সকল সম্মান ও প্রাচুর্যের দরজা খুলে দিত এমন কি তারা এ ধরনের শিক্ষা দেওয়ার জন্য মাদ্‌রাসাও বানিয়ে দিত যেমনভাবে আমাদের বর্তমান প্রতিষ্ঠানগুলোতে বাহ্যিক তাওহীদ পাঠ করানো হচ্ছে এবং সে প্রতিষ্ঠানে বিরাট বড় নাম ফলক তৈরী করে নাম রাখত তাওহীদের মাদ্‌রাসা অথবা প্রতিষ্ঠান এবং দাওয়াত ও দ্বীনের মূলনীতি অনুষদ। এ ধরনের অনেক কিছুই করত। আর এ ধরনের কাজ তাদের বাতিল দ্বীনের কোন ক্ষতিই করত না। যতক্ষণ তা প্রকৃতভাবে বাস্তবায়ন ও উভয়ের মাঝে সমন্বয় সাধন করা না যাবে ততক্ষণ কোন প্রভাব পড়বে না। যদিও বিশ্ববিদ্যালয়, মাদ্‌রাসা ও কলেজগুলো হাজার হাজার থিসিস (গবেষণামূলক প্রবন্ধ), মাস্টার্স ও ডক্টরেটকারীগণ অসংখ্য পুস্তক ইখলাস, তাওহীদ প্রভৃতি বিষয়ে লিখে যাবেন তবুও বাতিলপন্থীদের মধ্যে কোন প্রকার প্রতিক্রিয়া হয় না

কিংবা তারা এর বিরোধিতাও করে না বরং তারা আরো উৎসাহ দেয় এবং তাদেরকে সনদ ও পুরস্কার প্রদান করে এবং বিরাট বিরাট উপাধি দেয়। যতক্ষণ পর্যন্ত তাদের বাতিল বিশ্বাস ও অবস্থান সম্পর্কে বক্তব্য না দেওয়া হবে ততক্ষণ পর্যন্ত তারা এ ধরনের অবস্থা বজায় রাখে।

- শাঈখ আব্দুল লতীফ বিন আব্দুর রহমান 'আদ-দুরার আস-সানিয়্যাহ' গ্রন্থে বলেনঃ এরকম কেউ হতে পারে না যে তাওহীদ বুঝে এবং সে অনুযায়ী আমল করে অথচ মুশরিকদের সাথে শত্রুতা করে না। আর যে ব্যক্তি তাদের সাথে শত্রুতা করবে না তাকে বলা যাবে না যে সে তাওহীদ বুঝেছে বা আমল করেছে। (জিহাদ খন্ড, পৃষ্ঠা-১৬৭)

তেমনিভাবে রাসূলুল্লাহ (সঃ) যদি তাঁর দাওয়াতী কাজের শুরুতেই কুরাইশদের বিচক্ষণতাকে বোকামি ও তাদের মূর্তি থেকে মুখ ঘুরিয়ে না নিতেন ও এসবের দোষত্রুটি বর্ণনা না করতেন এবং যদি এসব করা হতে দূরে থাকতেন তাহলে তিনি কাফেরদের প্রভু (মূর্তির অসারতা) সম্পর্কে নাযিলকৃত আয়াতগুলি গোপন করতেন। যেমন আল্লাহ প্রদত্ত লাত, উজ্জা, মানাতে সালেসার অসারতা ঘোষণার আয়াত এবং যে সকল আয়াতে আবূ লাহাব ও ওয়ালীদের দোষ ও পরিণতি বলা হয়েছে সে সকল আয়াত। তেমনিভাবে তাদের দ্বীন ও প্রভুদের সাথে সম্পর্ক ছিন্নকরণের আয়াত। আর যদি তিনি কতগুলি সূরা বেশী বেশী না পড়তেন যেমন সূরা কাফিরূন ও অন্যান্য সূরাগুলো, তিনি যদি ঐ কাজ করতেন (আল্লাহ এ করা থেকে তাকে দূরে রেখেছেন) তাহলে তারা তাঁর সাথে উঠা বসা করত, সম্মান করত, নিকটে রাখত, তাহলে তাঁর উপর সিজাদারত অবস্থায় উটের নাড়ীভুড়ি চাপিয়ে দিত না। তিনি তাদের পক্ষ থেকে সীমাহীন কষ্ট পেতেন যা ইতিহাস বর্ণিত আছে। হিজরত করার প্রয়োজন হত না, কষ্ট ও দুঃখ করতে হত না এবং তিনি ও তাঁর সাথীরা কাফেরদের ঘরে ও দেশে একত্রে উঠাবসা করতে পারতেন নিরাপদে। আল্লাহর দ্বীনের সাথে ও তাঁর অনুসারীদের সাথে সম্পর্ক রাখা ও বাতিল ও বাতিল পন্থীদের সাথে শত্রুতা পোষণ করা দাওয়াতের সূচনায় মুসলমানদের উপর ফরজ হয়; সালাত, যাকাত, সিয়াম, হাজ্জ্ব প্রভৃতি ফরজ হওয়ার পূর্বে। এজন্যই অন্য কোন কারণে নয় বরং এ কারণেই তারা অনেক কষ্ট ও পরীক্ষার মুখোমুখি হয়েছেন।

- শাঈখ হামদ বিন আতীক 'দুরারে সানিয়্যাহ' গ্রন্থে বলেনঃ বিবেকবান ব্যক্তি চিন্তা ভাবনা করুন, রাসূল (সঃ) ও তাঁর সাহাবীদেরকে পবিত্র মক্কা নগরী হতে বের করে দেওয়ার কষ্ট সহ্য করা থেকে নিজের জন্য কল্যাণকামী ব্যক্তি গবেষণা ও অনুসন্ধান করা যে তা কত বড় কষ্টের ব্যাপার ছিল। একথা সর্বজন জ্ঞাত যে, তাদের মক্কা থেকে বহিষ্কার করা হয়েছে একমাত্র তাদের দ্বীনের কারণে। তারা তাদের এ দাওয়াত বন্ধ করতে চেয়েছিল, তাঁকে ও সাহাবীগণকে বহিষ্কারের হুমকি দেওয়া হয়েছিল তথাপিও তাঁরা দাওয়াত দেওয়া হতে বিরত হননি। বরং সাহাবীগণ মুশরিকদের নিষ্ঠুর শাস্তি হতে মুক্তির আবেদন পর্যন্ত রাসূল (সঃ)-কে করেছেন। তিনি তাদেরকে ধৈর্য্য ধরতে বলেছেন এবং পূর্বের যে সকল মু'মিন কষ্ট সহ্য করেছেন তাদের কথা বলে শান্তনা দিয়েছেন। কিন্তু একথা বলেননি যে, তোমরা মুশরিকদের দ্বীনের ত্রুটি বর্ণনা করা এবং তাদের জ্ঞানকে বোকামী বলা পরিত্যাগ কর। মক্কা তাদের জন্য বিশ্বের সর্বোত্তম জায়গা

হওয়া সত্ত্বেও তিনি ও তাঁর সাহাবীগণ মক্কা থেকে বেরিয়ে আসা ও দেশের সাথে সম্পর্ক ছিন্ন করাকেই বেছে নেনঃ **নিশ্চয় তোমাদের জন্য রাসূল (সঃ) এর মাঝে রয়েছে উত্তম আদর্শ, যারা আল্লাহর সন্তুষ্টি ও কিয়ামতে মুক্তি পেতে চায় এবং আল্লাহকে অধিক স্মরণ করে।** [আল-আহযাব ৩৩ঃ ২১] (জিহাদ খন্ড, পৃষ্ঠা- ১৯৯)

আর এমনিভাবে আল্লাহদ্রোহী শক্তি প্রত্যেক সময় ও স্থানেই ইসলামের প্রতি তাদের সন্তোষ প্রকাশ করেনি। অথবা সন্ধি চুক্তি করবে এবং সে জন্য মিটিং করবে এবং তা গ্রন্থে ও সাময়িকীতে প্রকাশ করবে। সেজন্য তারা শিক্ষা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত করবে, উদ্দেশ্য একটাই দ্বীন ইসলামকে কানা পঙ্গু ও ডানাকাটা রূপে প্রকাশ করা। মুসলমানদের মধ্যে হতে মুমিনদের সাথে বন্ধুত্ব ও কাফেরদের সাথে শত্রুতা, তাদের দ্বীনের ও প্রভুদের বিরুদ্ধে শত্রুতা ও তাদের বাতিল নীতির বিরোধিতা করার মন মানসিকতা নষ্ট করাই হচ্ছে ঐগুলি করার মূল কারণ।

আর আমরা এগুলি সৌদী আরব নামক রাষ্ট্রে স্পষ্টভাবে দেখতে পাচ্ছি, দেশটি মানুষকে ধোঁকা দিচ্ছে তাওহীদ ও তাওহীদের বইয়ের প্রতি অনুপ্রেরণা দিয়ে এবং তার অনুদান দিয়ে বরং আলেমগণকে কবরের সুফীবাদের তাবীজ তাগা, গাছের ও পাথরের শিরকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করার অনুপ্রেরণা দ্বারাও ধোঁকা দিচ্ছে। এমনি আরো সব বিষয়বস্তুর প্রতি সৌদী সরকার অনুদান দেয় যা তাদের ভয়ের কারণ হয় না এবং কোন ক্ষতি করে না। অথবা যে নীতি তাদের আভ্যন্তরীণ ও বহিঃবিশ্ব রাজনীতিতে কোন প্রভাব ফেলে না।

সেসব ক্ষেত্রেই তার দাওয়াতী কাজ সীমাবদ্ধ। যতদিন পর্যন্ত বিভক্ত ও অপূর্ণাঙ্গ তাওহীদ এ ধরনের বাদশাহ ও কাফেরদের শক্তির আওতা মুক্ত না হবে ততদিন কাফেরদের পক্ষ থেকে ইহা প্রচার ও প্রসারে পৃষ্টপোষকতা, সমর্থন ও অনুপ্রেরণা পাওয়া যাবে। যদি ব্যাপারটি এমন না হতো তাহলে জুহাইমান ও তাঁর মত লেখকদের লেখনি কোথায়, যাদের লেখাগুলো তাওহীদ বিষয়ক আলোচনায় ভরপুর? কেন সেগুলোকে সরকার পৃষ্টপোষকতা করে না আর তা ছাপাতে কেন অনুপ্রেরণা ও সহায়তা করে না?

লেখনিগুলিতে এমন কিছু আছে যা তাকে কাফের বলে। সেজন্য বাধ্য করা হয়েছে প্রকাশ না করতে। নাকি তাতে এমন তাওহীদ আছে যা আল্লাহদ্রোহী শক্তি ও তাদের সমর্থকদের বিরোধিতা করে এবং রাজনীতি নিয়ে আলোকপাত করে এবং নিবেদন করে মুমিনের সাথে সম্পর্ক রাখা ও কাফেরের সাথে সম্পর্ক ছিন্ন করা এবং অসৎ কাজ থেকে বিরত থাকা সম্পর্কে। (পৃষ্ঠা- ১০৪ থেকে ১১০ পর্যন্ত আলোচনা করেছেন। যা আমি এ অবস্থায় তাতে পেয়েছি।)

দেখে ফেলার ভয়ে লুকিয়ে চলতে লাগলাম।" এ ব্যাপারে হাইসামী তার "মাজমাউয যাওয়ায়িদ" গ্রন্থে একটি অধ্যায় লেখেছেন এ শিরোনামে [নবী (সঃ) কর্তৃক মূর্তি ভাঙ্গার অধ্যায়] তিনি একটি বর্ণনার উদ্ধৃতি দিয়েছেন "কাবার উপর কতগুলো মূর্তি ছিল। আমি রাসূল (সঃ)-কে কাঁধে উঠাতে চাইলাম কিন্তু পারলাম না। অতঃপর তিনিই আমাকে উঠালেন এরপর আমি ভাঙতে শুরু করলাম।" অপর বর্ণনায় আরো বেশি এসেছে, "এরপর কাবার উপর আর কিছু রাখা হয়নি।" অর্থাৎ ঐ ধরনের কোন মূর্তি। লেখক বলেন, হাদীসটির বর্ণনাকারী সবাই বিশ্বাসযোগ্য লোক। আবূ জাফর তাবারী তাঁর "তাহযীবুল আসার" গ্রন্থে এটি উল্লেখ করেছেন এবং তিনি সেখানে কিছু ফিক্‌হী বিষয় নিয়ে আলোচনা করেছেন। দেখুন পৃষ্ঠা নং ২৩৬ থেকে ২৪৩ পর্যন্ত মুসনাদে আলী অংশে। তাই আমরা এ ধরনের কথা কখনো বলি না, কেননা এটা আমাদের কাছ থেকে তাদের প্রত্যাশাও। এটা ছিল দুর্বলতার যুগে ক্ষমতার পরিধি। চাই মূর্তিটি কোন প্রতিকৃতি, কবর, ত্বগুত বা প্রথাই হোক না কেন কিংবা অন্য কিছু। প্রত্যেক স্থান ও কাল ভেদে তার আকৃতির পরিবর্তন অনুযায়ী। আমি এর দ্বারা বোঝাচ্ছি জিহাদ ও যুদ্ধ এবং এটিই হচ্ছে শত্রুতা ও ঘৃণা প্রকাশের সর্বোচ্চ স্তর।

এ সত্ত্বেও যদি তর্কের খাতিরে মেনে নেই যে, দুর্বলতার যুগে রাসূল (সঃ)-এর সাথে মূর্তি ভেঙ্গেছেন এ কথা বিশুদ্ধভাবে প্রমাণিত নেই তা সত্ত্বেও তিনি মিল্লাতে ইব্রাহীমের অনুসারী ছিলেন। কঠোর সমর্থক ও অনুসারী ছিলেন এবং শক্তভাবে তা ধরেছিলেন। তিনি কখনো কাফিরদের সাথে একবারও নম্র আচরণ করেননি। তাদের বাতিল সম্পর্কে অথবা তাদের প্রভু সম্পর্কে কখনো চুপ থাকেননি। বরং তিনি এ কাজেই তেরটি বছর মক্কাতে ব্যাস্ত ছিলেন এবং বলতেন,

আল্লাহর ইবাদত কর ত্বগুতকে বর্জন কর। (আন্-নাহল ১৬ঃ ৩৬)

এর মানে এই নয় যে, তিনি তের বছর মূর্তির সাথে থেকেছেন আর তিনি সেগুলোর প্রশংসা করেছেন, গুণকীর্তণ অথবা তার সম্মানে শপথ করেছেন যা বর্তমান যুগের অনেক মূর্খ দা'য়ীরা করে থাকে। বরং তিনি মুশরিকদের ও তাদের কাজের ব্যাপারে বৈরিতা প্রকাশ করতেন। তাদের উপাস্যের সাথে সম্পর্কহীনতা শুরু হয়েছিল তাঁর ও তাঁর সাথীদের দুর্বলতার যুগেই। যা বিস্তারিত ইতোপূর্বে আলোচনা করা হয়েছে। আপনি কুরআনের মাক্কী আয়াতগুলো গবেষণা করলেই তা স্পষ্ট হয়ে যাবে। উদাহরণস্বরূপ বলা যায়, আল্লাহ তা'আলা কাফিরের সাথে রাসূলের মাক্কী জীবনের বর্ণনা প্রসঙ্গে বলেন ঃ

যারা কুফরী করেছে তারা যখন আপনাকে দেখে তখন তারা ঠাট্টা করে বলে, এই কি সেই লোক যে তোমাদের উপাস্যের সমালোচনা করে। আর তারা দয়াময়ের উপাসনা করাকে অস্বীকার করে। (আম্বিয়া ২১ঃ ৩৬)

ইবন কাসীর বলেছেন, এর দ্বারা অর্থ গ্রহণ করেছেন, 'এই সেই লোক যে তোমাদের প্রভুদের গালিগালাজ করে এবং তোমাদের জ্ঞানকে অজ্ঞতা আখ্যায়িত করে।' আরও অনেক উদাহরণ আছে।

নবী (সঃ)-এর মক্কাতে দুর্বলতার যুগের অবস্থা সম্পর্কে আপনার কাছে আরো একটি উদাহরণ পেশ করছি, যা ইমাম আহমাদ মুসনাদে আহমাদে ও অন্যান্যরা বিশুদ্ধ সানদে বর্ণনা করেছেন। চিন্তা ও গবেষণা করে দেখুন কিভাবে নবী (সঃ)-কে কাফিররা তাদের রবের সমালোচনা করার কারণে সম্বোধন করে এবং তাদের দিকে দেখুন তাকে তারা একাকি ঘেরাও করে জিজ্ঞেস করে স্বীকৃতি আদায় করে বলে, তুমিই কি সেই লোক যে এই এই কথা বল? তিনিও তাদের জবাব দেন কোন প্রকার নম্রতা, ভয় ভীতি অথবা কোন ভীরুতা ছাড়াই স্পষ্ট, দৃঢ় ও শক্তভাবে- 'হ্যাঁ' আমিই এ ধরনের সমালোচানা করে থাকি।

আব্দুল্লাহ বিন আহমাদ বিন হাম্বল বলেন, আমাকে আমার পিতা বলেছেন, ইয়াকুব বলেছেন ঃ আমাকে হাদীস বর্ণনা করেছেন আমার পিতা ইবন ইসহাক থেকে, তিনি বলেছেন, আমাকে বর্ণনা করেছেন ইয়াহইয়া বিন উরওয়া বিন যুবাইর, তিনি তার পিতা উরওয়া থেকে তিনি আব্দুল্লাহ বিন আমর বিন আস থেকে বর্ণিত; তিনি বলেছেনঃ "রাসূলুল্লাহ (সঃ) এর বিরুদ্ধে কুরাইশদের সবচেয়ে নিকৃষ্টতম আচরণ কি ছিল?" তিনি উত্তর দিলেন ঃ একদিন আমি *আল-হিজর*-এ গিয়েছিলাম, তাদের নেতৃস্থানীয় লোকের সেখানে রাসূলুল্লাহ (সঃ) এর ব্যাপারে আলোচনা করছিল। তখন তারা বলছিল, "আমরা মুহাম্মদকে (সঃ) ছাড়া অন্য কাউকে এমন সহ্য করিনি... সে আমাদের বুদ্ধিমত্তাকে অজ্ঞতা বলে অভিহিত করে, আমাদের পূর্বপুরুষদের গালি দেয়; আমাদের দ্বীনের সমালোচনা করে এবং আমাদের সম্প্রদায়কে বিভক্ত করেছে, আর আমাদের প্রভুদের গালি-গালাজ করে। আমরা এই গুরুত্বপূর্ণ বিষয়ে তার ব্যাপারে ধৈর্য ধরেছি।" বর্ণনাকারী বলেন, তারা এ ধরনের আলোচনায় যখন মত্ত, ঠিক তখনই রাসূল (সঃ) তাদের মধ্যে এসে হাজির হলেন। তিনি হেঁটে *আর-রুকন* -এর দিকে আসলেন। এরপর কাবা ঘরের তাওয়াফ করতে শুরু করলেন। যখন তিনি তাদের কাছ দিয়ে যাচ্ছিলেন তখন তারা তাকে তাদের সে কথা দ্বারা কটাক্ষ করতে লাগল। এর প্রভাব তাঁর চেহারাতে আমি বুঝতে পারলাম।

এরপর দ্বিতীয় ও তৃতীয়বার তাদের নিকট দিয়ে যাওয়ার সময়ও অনুরূপভাবে কটাক্ষ করলে তিনি বললেন, *"হে কুরাইশ সম্প্রদায়! শুনে রাখ, ঐ সত্তার শপথ যাঁর হাতে আমার জীবন-মরণ! আমি তোমাদের নিকট এসেছি তোমাদের জবাই (হত্যা) করার জন্য।"* তাঁর এই কথাগুলো তাদের এত প্রখরভাবে আঘাত করে, যে এমন কোন লোক ছিল না যার মাথায় পাখি বসবে না (অর্থাৎ ভীত, আতঙ্কিত ও হতবাক হয়েছিল)। এমনকি এই ঘটনার পূর্বে তাদের মধ্যে যে নবী (সঃ) এর প্রতি সবচেয়ে কঠোর ও বদ প্রকৃতির ছিল, সেও সবচেয়ে নরম ও দয়ার সুরে বলছিল; এমনকি তাদের একজন বলতে বাধ্য হয়, 'হে আবুল কাসেম! আপনি চলে যান হে ন্যায়পরায়ণ! নিশ্চয়, আল্লাহর শপথ, আপনি মূর্খ নন।' এরপর রাসূল (সঃ) চলে গেলেন।

এর পর দিন, তারা *আল-হিজর*-এ জমায়েত হলো, আমিও তাদের সাথে ছিলাম। তারা একে অপরকে জিজ্ঞেসা করলো, 'তোমাদের কি মনে আছে সে তোমাদের কি বলেছিল, আর তোমরা তাকে কি বলেছিলে? তার কথার মাত্রা এতই বৃদ্ধি পেয়েছিল যে তোমরা যা ঘৃণা কর তা সে তোমাদের সামনে অভিব্যক্ত করেছিল, অথচ এরপরও তোমরা তাকে যেতে দিলে!' যখন তারা এরূপ আলাপ করছিল সে সময় রাসূল (সঃ) সেখানে উপস্থিত হলেন। তারা সবাই মিলে তাঁকে ঘিরে ধরে জিজ্ঞেসাবাদ করতে লাগলো, 'তুমিই কি সেই লোক, যে আমাদের দ্বীনকে ও উপাস্যগুলোর (মূর্তি) ব্যাপারে পরিহাস কর।' বর্ণনাকারী বলেন, রাসূল (সঃ) তাদের বলেন, 'হ্যাঁ, আমি সেই লোক, যে এ কথা বলি।'

বর্ণনাকারী বলেন, আমি এক লোককে দেখলাম, রাসূল (সঃ)-এর চাদর ধরে টানছে, তখন আবূ বকর (রাঃ) তাদের ও নবী (সঃ) এর মাঝে লাফ দিয়ে এস দাঁড়ালেন। আর ক্রোন্দনরত অবস্থায় বললেন, **তোমরা কি একজনকে এজন্যে হত্যা করবে যে, সে বলে, আমার রব আল্লাহ ?** [গাফির ৪০ঃ ২৮]

এরপর তারা রাসূল (সঃ)-কে ছেড়ে চলে গেল। কুরাইশদের পক্ষ থেকে নবী (সঃ)-এর প্রতি করা দুর্ব্যবহারের মধ্যে এর চেয়ে কঠিন দুর্ব্যবহার আমি দেখিনি।[২২]

মুসনাদের অপর এক বর্ণনায় (২০৪/২) রয়েছে- অপর এক ঘটনায় নবী (সঃ) কাবার কাছে সালাত আদায় করছিলেন, তখন ওকবা বিন আবু মুইত্ব আগমন করে নবী (সঃ)-এর কাঁধ ধরে এবং তাঁর গলায় কাপড় পেচিয়ে তাকে শ্বাসরুদ্ধ করে ধরে। এমন সময় আবূ বকর (রাঃ) লোকটির ঘাড়ে হাত দিয়ে রাসূলকে (সঃ) তার থেকে বিচ্ছিন্ন করে দেন এবং বলেন, "তোমরা এমন লোককে হত্যা করতে চাও যিনি বলেন, আমার রব আল্লাহ, যখন তোমাদের কাছে তোমাদের রবের পক্ষ থেকে সুস্পষ্ট নিদর্শন এসেছে।"

তাই নবী (সঃ) এর সেই অবস্থা নিয়ে চিন্তা করুন, যার বর্ণনা ফেরেশতারা দিয়েছেন। যা সহীহুল বুখারীতে এসেছে ঃ

"তিনি মানুষের মধ্যে পার্থক্য (ভাঙ্গন) সৃষ্টি করেছেন।" তাহলে তাঁর যুগের কাফেরদের সাথে এ অবস্থা নিয়ে ভেবে দেখুন। যে তাঁর দ্বীনের বিরোধী ছিল তাদের সাথে তাঁর প্রকাশ্য শত্রুতার ঘোষণা, পথ ও মতের ভিন্নতা স্পষ্ট বৈরিতা কিরূপ ছিল তাও ভেবে দেখুন। আমাদের সময়ের দ্বীনদাররা তো বাতিলপন্থীদের প্রতি নির্ভরশীল। তারা তাদের সাথে চাটুকারিতা, ভাল ব্যবহার, সাহায্য-সহযোগিতা সবই করে, তাদের কোন ব্যাপারে শত্রুতা ও বৈরিতা পাওয়া যায় না। বরং তারা দেশ ও সমাজের কল্যাণে একে অপরকে সাহায্য সহযোগিতা করে। তারা একই দূর্গে বসে এবং একই স্তনে দুধ পান করে। এ অবস্থা থেকে উত্তরণে আল্লাহই সহায়ক।

[২২] মুসনাদ- হাদীস নং ৭০৩৬, আহমাদ শাকেরের তাহকীক; তিনি বলেছেন, এর সানাদ সহীহ্।

- এদের সম্পর্কে কথা বলতে গিয়ে শাঈখ আব্দুর রহমান বিন হাসান বলেন, 'তারা ফিতনার গভীর জলে ডুব দিয়েছে। তারা তাদের অন্তরকে মানিয়ে নিয়েছে জালিম ও বাতিলপন্থীদের সাথে। তাদের সাথে দুর্ব্যবহার করতে বড় খারাপ মনে হয়। তাদের কাছে স্বেচ্ছায় যাওয়া আসা করায়। তাদের হাতে দুনিয়াকে গোপনে ও প্রকাশ্যে ধ্বংস করার যে অস্ত্রপাতি আছে তা থেকেও মুখ ঘুরিয়ে নিয়েছে। তাহলে ঈমানে প্রশান্তি লাভকারী আত্মা কোথায়। যখন ঈমানীনের দাবীদাররা বাতাসের সাথে প্রতিটি ময়দানে চলে যেত। এ অবস্থা কতই না সাদৃশ্যপূর্ণ যাদের মায়ের কথা আল্লামা ইবনুল কাইয়্যিম বর্ণনা করেছেন তাদের সাথে তারা হচ্ছে ঐ লোক যাদের ফলাফল আল্লাহর কথায় নাযীল হয়েছিল ঃ **তোমরা তাদেরকে মনে কর যে, তাদেরকে যা দেওয়া হয়েছে তা তারা নিয়ে গর্ববোধ করে এবং তারা যা করেনি তা করেছে বলে যারা পছন্দ করে তারা শাস্তি থেকে মুক্তি পাবে। তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।** (আলি-'ইমরান ৩ঃ ১৮৮)

তারা বিদ'আতী ও গোমরাহী নিয়ম মেনে চলতে পেরে খুশি এবং তারা পছন্দ করে ও ভালবাসে যে, মানুষ তাদেরকে সুন্নাতের ও ইখলাসের অনুসারী বলে প্রশংসা করুক। এটা পাওয়া যায় বেশীরভাগ ঐ সমস্ত লোকের মধ্যে যারা জ্ঞান অর্জন করে ও পথচ্যুত এবং সিরাতে মুস্‌তাকিমের ইবাদত থেকে বিমুখ এমন লোকদের মধ্যে।' (আদ-দুরার আস-সানিয়্যাহ, জিহাদ পর্ব, ১২৭ পৃষ্ঠা)

- এখানে একটি মাসআলা অনেকের নিকট দুর্বোদ্ধ্য মনে হয়। তা হলো, তিনি (সঃ) কিভাবে একই সাথে তাদের প্রভুদের ও দ্বীনের দোষ-ত্রুটি বর্ণনা করেছেন, যেমনটি এ হাদীস ও অন্যান্য হাদীসে এসেছে এবং আল্লাহর এ কথার মধ্যে কিভাবে সমন্বয় সাধন করেছেন ঃ

আল্লাহ ব্যতীত মুশরিকরা যে উপাস্যকে ডাকে তাদেরকে তোমরা গালি দিও না। কেননা তারা অজ্ঞতা বশতঃ আল্লাহকে গালি দিবে। (আল-আন্‌আম ৬ঃ ১০৮)

আল্লাহর তাওফিক চেয়ে এ সম্পর্কে আমরা বলব, বাতিল প্রভুদের দোষ-ত্রুটি ও তার বোকামী ও তার শক্তির পরিধি সম্পর্কে আলোচনায় মিল্লাতে ইব্‌রাহীমের যে বিস্তারিত বিবরণ পূর্বে গেছে, যদি সেগুলোকে কেউ গালি বলেন তাহলে মনে রাখুন সেগুলো স্বতন্ত্র কোন গালি নয়। এর আসল উদ্দেশ্য হলো, লোকজনকে তাওহীদের বর্ণনা দেওয়া।

- আর তা কেবল সম্ভব হবে কল্পিত এই উপাস্যগুলোর ইবাদাতকে বাতিল বা বর্জন করা, তার সাথে কুফরী করা (অস্বীকার) এবং তার মিথ্যা ভিত্তির বর্ণনা করার দ্বারা। যেমন আল্লাহ তা'আলার বাণী ঃ

.

. .

.

নিশ্চয় যাদেরকে তোমরা আল্লাহ্ ব্যতীত ডাক তারাও তোমাদের মত আমারই বান্দা। তোমরা তাদের ডাক। যদি তোমরা তোমাদের ডাকা উপাস্যের ব্যাপারে সত্যবাদী হও, তাহলে তারা সাড়া দিবে। তাদের কি পা আছে হাটবে? হাত আছে ধরবে? অথবা চোখ আছে যে দেখবে, কান আছে যে শুনবে? হে নবী! আপনি বলে দিন তোমরা তোমাদের শরীকদের ডাক এরপর আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর। তোমরা কিছুই করতে পারবে না। নিশ্চয় আমার অভিভাবক সেই আল্লাহ্ যিনি ঐশী গ্রন্থ অবতীর্ণ করেছেন এবং তিনি সৎ লোকদের অভিভাবকত্ব গ্রহণ করেন। আর আল্লাহ্ ব্যতীত যাদেরকে তোমরা ডাক তারা তোমাদের কোন উপকার বা সাহায্য করতে পারবে না। এমনকি তারা নিজেদেরও কোন সাহায্য করতে পারবে না। (আল-আরাফ ৭ঃ ১৯৪-১৯৭)

আর ইব্‌রাহীম (আঃ)-এর কথা ঃ

ওহে পিতা! আপনি কেন এমন উপাস্যের উপাসনা করেন যে শুনে না, দেখে না এবং আপনার কোন উপকার করতে পারে না। (ইব্‌রাহীম ১৪ঃ ৪২)

আল্লাহর বাণী সূরা আন-নাজমেঃ

. .

. .

তোমরা কি লাত, উজ্জা ও অপর মানাতে ছালেছার দুরবস্থা দেখেছ? তোমরা শুধু পুত্র সন্তানের পিতা আর তিনি মেয়ে সন্তানের পিতা এটা বড়ই অসম বণ্টন। এগুলো এমন কতকগুলো নাম যা তোমরা ও তোমাদের বাপ-দাদারা রেখেছে এবং কোন প্রমাণ ও সত্যতা নাযিল করেননি। তারা কল্পনা ও প্রবৃত্তির অনুসরণ ছাড়া আর কিছু করে না। আর নিশ্চয় (রাসূলের মাধ্যমে) তোমাদের নিকট হিদায়াত এসেছে। (আন-নাজম ৫৩ঃ ১৯-২২)

এমনিভাবে এই মূর্তিগুলোর যত বর্ণনা এসেছে সবই যেন এরূপ, এরা ইবাদাতের হকদার নয়। অথবা একে ত্বগুত বলে অভিহিত করা হয়েছে। অথবা এর ইবাদতকে শয়তানের ইবাদত বলা হয়েছে। এ ইবাদতও তার জাহান্নামের লাকড়ী হবে সে কথা বলা হয়েছে ইত্যাদি।

- তেমনিভাবে কার্যক্ষেত্রে তাওহীদকে প্রকাশ করা এগুলোর সাথে শত্রুতা, ঘৃণা, বৈরিতা ও অস্বীকার করা ছাড়া সম্ভব নয়। যেমন আল্লাহ তা'আলা ইব্‌রাহীম (আঃ)-এর কথা উল্লেখ করে বলেন ঃ

. .

তিনি বললেন, তোমরা কি খেয়াল করে দেখেছ তোমরা ও তোমাদের পূর্বপুরুষরা কিসের উপাসনা করতে। যেগুলো আমার শত্রু, শুধু মহাবিশ্বের পরিচালক আল্লাহ ব্যতিত। (শুয়ারা ২৬ঃ ৭৫-৭৭)

আল্লাহর বাণী ঃ

হে আমার জাতি! তোমরা যার উপাসনা কর আমি তা হতে মুক্ত। (আল-আনআম ৬ঃ ৭৮)

... এবং সূরা আল-কাফিরূন শিরক হতে মুক্ত হওয়ার ও পূর্বে উল্লেখিত বিষয়গুলোকে একত্রিত করে আলোকপাত করেছেন। এ সবই নিছক গালি নয়, যে গালিগালাজ করা আয়াতে নিষেধ করা হয়েছে। তবে যার স্বভাব ঝগড়া করা, গালাগাল করা সে কোন কারণ ও লাভ ছাড়াই আল্লাহকে গালি দেয়, শত্রুতা ও মূর্খতাবশতঃ কখনো অনিচ্ছায়। বিশেষ করে, যারা তাওহীদে রুবুবিয়াহ মানে তারা যেমন কুরাইশি কাফিররা, তেমনিভাবে তুলনামূলক অবস্থা। মিল্লাতে ইব্‌রাহীম চায় ভয় দেখাতেও সতর্ক করে দিতে ঐ ব্যক্তিকে যে তাদের সাথে দুর্ব্যবহার শত্রুতা ও ঘৃণা প্রকাশ করে এবং এর দ্বারা মানুষকে কুফরীর দিকে আহ্বান করে ও বৈরিতা সৃষ্টি করে মিল্লাত মিল্লাতের অনুসারীদের থেকে বিচ্ছিন্ন করতে এবং কোন ক্ষতি সাধন করতে সব ক্ষেত্রে। এর অসম্মান, জালিয়াতির ঘটনা ফাঁস, তার আদেশের ভ্রান্তিতা, আল্লাহর দ্বীনের সাথে তাদের স্পষ্ট সাংঘর্ষিকতা সৃষ্টি হয় দ্বীনত্যাগ ও সুদ গ্রহণের অনুমতির দ্বারা। আর পাপাচার করার পথ সুগম করা, আল্লাহর সীমারেখা লঙ্ঘন করা, যেমন ব্যভিচার, মিথ্যা অপবাদ, চুরি, মদপান, কুফরী ও ফাজেরী আইন কানুন মেনে নেওয়ার মধ্য দিয়ে যে অন্যায় সংঘটিত হয় তার উল্লেখ করা। আর ও ধরনের বিষয় উল্লেখ করে দাওয়াত দিতে যদিও আবদে ইয়াসিক ও তার সাঙ্গপাঙ্গরা একে গালি বলে অভিহিত করেছেন অথবা লম্বা কথা বলে যা করা ওয়াজিব, যেমন ইতোপূর্বে জেনেছেন যে, দা'য়ীগণ তা প্রকাশ করছেন ও প্রচার করবেন শুধু তাদেরকে গালাগাল ও তাদের রাষ্ট্র ও বিচারক এবং সংবিধানকে গালি গালাজের ব্যাপারে উত্তেজিত করার জন্য। এ কাজ নিষেধ করা হয়েছে কেননা এতে করে জাহিলিয়াত ও তাঁর দ্বীন ও পথকে গালি দেওয়ার কারণে পাল্টা গালি দিবে যদিও ইসলামের দৃষ্টিতে তাদের সে দ্বীন মিথ্যা ও ভুয়া, তারা আল্লাহর রুবুবিয়্যাতের স্বীকৃতি দেয় আবার কখনো উলুহিয়্যাতেরও স্বীকৃতি দেয় শুধু বিচার ও শরীয়াতের ক্ষেত্র ব্যতিত। তাফসীরকারকগণ বর্ণনা করেছেন ঃ

... তারা আল্লাহকে গালি দিবে ...

অর্থাৎ তাদেরকে গালি দেওয়ার কারণে তোমাদের কাজকে গালি দিবে।[২৩] আর এ গালি পড়বে আল্লাহর উপর, যা শত্রুতা ও মূর্খতা বশতঃ দিয়ে বসবে। যেমন, কোন লোক অপর লোকের পিতাকে গালি দিলে পাল্টা সেও তার পিতাকে গালি দেয়। যদিও তারা দুই ভাই হয় একই বাপের। কেননা রাগ, ক্রোধ ও উত্তেজনা অন্ধ বিতর্ক ও ঝগড়ায় লিপ্ত করে মানুষকে চিন্তা ভাবনা করার সুযোগ দেয় না। অর্থাৎ তাকে গালি দিতে বাধ্য করে। মুহাম্মাদ রশীদ রেজা তাঁর তাফসীরে বলেছেন, এ কাজের উদ্দীপক হলো, গালি দেওয়ার ইচ্ছা। যার উদ্দেশ্য হলো গালি দেয়া বস্তুকে অপমান করা। আর গালিদাতা তার সম্পর্কিত ব্যক্তিকে অপমান ছাড়া আর কিছু উদ্দেশ্য করে না। এর উল্টো হলো, কৌশল ঢুকানো, কাজ করার আহ্বান করা, তাকে সম্বোধন করা, তার মনোযোগ আকর্ষণ করা, এ সমস্ত উপাস্যের জালিয়াতি প্রকাশ করা যে তারা শুনে না, দেখে না, লাভ ক্ষতি করতে পারে না, কাছে আসতে পারে না, সুপারিশ করতে পারে না, নিজের ও তার অনুসারীদের কোন উপকার করতে পারে না ইত্যাদি বলে ঘুরিয়ে দেওয়া বুদ্ধিমানের কাজ। তাই ইব্‌রাহীমের (আঃ) কাহিনী তাঁর জাতির সাথে চিন্তা ভাবনা করে দেখুন, তাদের কাল্পনিক রবের জালিয়াত সম্পর্কে কিভাবে মানুষের দৃষ্টি আকর্ষণ করে ছিলেন এবং তাদের কে উত্তেজিত ও জাগ্রত করে তুলেছেন শুধু উত্তেজনা বা অপমান করার জন্য। তারা যেন চিন্তা ভাবনা করে এবং নিজেদের বিবেকের সাথে তার আহ্বানকে বিচার বিশ্লেষণ করে। ভেবে দেখুন, কিভাবে তিনি তাদের কাজকে ঘৃণা করেছেন এ জন্য তারা উল্টে যেত, পরস্পর বিরোধিতা করতো ও নিস্তেজ হয়ে যেত। এ অবস্থায় তাদেরকে জোরের সাথে বলতেন ঃ

তোমাদের ও আল্লাহ ছাড়া যাদের ইবাদত কর তাদের জন্য আমার আফসোস। তোমরা কি বুঝবে না? (আম্বিয়া ২১ঃ ৬৭)

পূর্বের হাদীসের বর্ণনাকারী আব্দুল্লাহ বিন আমরের কথারও যদি চিন্তা করতেন, যখন তিনি নবী (সঃ)-কে বলা কুরাইশীদের কথা উল্লেখ করেছেন, "তুমিই কি সেই লোক যে এই, এই বল? এর ব্যাখ্যায় বলেছেন, যখন তাদের কাছে খবর গেছে নবী (সঃ) কর্তৃক তাদের উপাস্য ও দ্বীনকে দোষী বলে অভিহিত করার, তখন তারা এ কথা বলেছিল। আর আরবদের নিকট দোষ ধরা মানে গালি অথবা গালির সমতুল্য। ইবন তাইমিয়্যাহ তার "*সারিসুল মাসলূল আলা খাতিমির রাসূল*" গ্রন্থে গালির প্রকার বর্ণনা করতে গিয়ে এ ধরনের কথাই বলেছেন ৫২৮ নং পৃষ্ঠায় ও অন্যান্য পৃষ্ঠায়। তবে এ স্থানে নিছক গালি ধরা যাবে না যা পূর্বেই উল্লেখ করা হয়েছে।

[২৩] দ্রষ্টব্যঃ তাফসীর আত-তাবারী

নবী (সঃ) আল্লাহ যে তাওহীদ দিয়ে তাঁকে পাঠিয়েছিলেন তার প্রচার কাজে নিয়োজিত ছিলেন এবং মিল্লাতে ইব্‌রাহীমের উপর ছিলেন যার অনুসরণ করতে আল্লাহ তাঁকে আদেশ করেছিলেন। আর সবই ঐ মুশরিকদের কাছে গালি বলে বিবেচিত। কেননা এটা হচ্ছে তাদের দ্বীনের বাতিলতা ও তাদের কাল্পনিক উপাস্যের উলুহিয়াতের অযোগ্য হওয়ার প্রচারণা। যার গুণকীর্তণ তারা করে থাকে এবং এটাই হচ্ছে তাদের উপাস্যের ত্রুটি যা তারা বলেছেন। তেমনিভাবে তাদের পূর্বপুরুষদেরকে গোমরাহী বলে অভিহিত করা নিছক উত্তেজনা সৃষ্টি নয় বরং তাদেরকে অন্ধ অনুসরণের জন্য ধমকি দেওয়া ও তাদের গোমরাহীর অনুকরণ নিষেধ করা।

আল-কাসেমী, আর-রাযী থেকে তার তাফসীরে বর্ণনা করেছেন, তার কথাঃ এ আয়াতে যারা দ্বীনের দাওয়াত দেয় তাদের জন্য শিক্ষণীয় ব্যাপার আছে। আর তা হলো, যার উদ্দেশ্যে কোন লাভ নেই তা নিয়ে ব্যাস্ত থাকা অনুচিত। কেননা মূর্তির গুণই হচ্ছে জড় পদার্থ, ভাল মন্দ করতে পারে না, এ কথা বলাই তার প্রভুত্বের যোগ্যহীনতার জন্য যথেষ্ট, গালি দেয়ার কোন দরকার নেই। কিন্তু এটাও কাফিররা সন্তুষ্টচিত্তে মেনে নেয় না। যদিও তা সরাসরি গালি নয়। তবুও তা তাদের রবের প্রতি এটি অসম্মানজনক আচরণ ও অস্বীকার করার শামীল, এজন্য তারা একে গালি বলে অভিহিত করেছে যেমনিভাবে তাদের পূর্বপুরুষদেরকে গোমরাহ বলাকে ভর্ৎসনা মনে করে তারা বলেছেঃ আমাদের বুদ্ধিকে সে বোকামি বলেছে, আমাদের পূর্বপুরুষদের ভর্ৎসনা ও গালাগাল করেছে আমাদের দ্বীনকে বাতিল বলেছে, আমাদের জামাআত ভেঙে ফেলেছে ও উপাস্যদের গালিগালাজ করেছে।

শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাব নবী (আঃ) এর জীবনের যে ছয়টি বিশেষ ঘটনা উল্লেখ করেছেন তার দ্বিতীয়টিতে বলেন, যখন নবী (সঃ) কর্তৃক কাফিরদের দ্বীনকে গালাগাল ও তাদের জ্ঞানীদের মূর্খ বলে অভিহিত করার খবর স্পষ্ট হলো তখন তারা রাসূল (সঃ) ও সাহাবীদের বিরুদ্ধে শত্রুতা শুরু করল এবং বলল, আমাদের বুদ্ধিকে বোকামি, দ্বীনের ত্রুটি, প্রভুদের ভর্ৎসনা করেছে। এ কথা সর্বজন জ্ঞাত যে, তিনি ঈসা (আঃ) ও তাঁর মাতা মরিয়মকে, ফেরেশতা সৎ লোক কাউকেই গালমন্দ করেননি। কিন্তু যখন তিনি বলেছেন, "উপকার অপকার কোনটাই করতে জানে না" তখন এ কথাকেই তারা গালমন্দ ধরে নিয়েছে।

সারকথা, এসব কিছু নিছক গালির অন্তর্ভুক্ত নয় যা আল্লাহ আয়াতে নিষেধ করেছেন। আর এর দ্বারা এটি উদ্দেশ্যও নয়। এ সত্ত্বেও যদি কোন কাফির আল্লাহকে অথবা ইসলাম দ্বীনকে গালাগাল করে তাহলে মুসলিমের কর্তব্য হলো, তার প্রতিরোধ ও প্রতিবাদ করা তাওহীদের দ্বারা ও দ্বীনের প্রকাশ দ্বারা। তাকে কানভাবেই ছাড়া যাবে না। আর এ গালাগাল শুধুমাত্র শত্রুতার কারণেই হবে, তবে তা হবে জ্ঞানের দ্বারা দলিল প্রমাণ পেশ করে। এ ছাড়া যদি আমরা হিসাব করি যে, সে যা করে করুক, তাহলে আমরা আমাদের দ্বীন পুরোপুরিই ছেড়ে দিলাম এবং এ অবস্থান থেকে নেমে কাফিরদের নয়নমণি হয়ে গেলাম। কেননা এর পুরোটাই ঈমানের মূলে ও ত্বগুতের কুফরীর উপর প্রতিষ্ঠিত। তাই সতর্ক হোন, এর উপর ভিত্তি করে ভেবে দেখুন আধুনিক যুগের ত্বগুতদেরকে কি বলা যাবে সংবিধান, আইন কানুন, বিচারক, বিচার সম্পর্কে। এর অর্থ শুধু পাথরের মূর্তি ভাঙ্গার উপর সীমাবদ্ধ করা উচিত হবে না বরং এর ব্যাপক অর্থ গ্রহণ করুন।

- সূত্রগুলো মুস্তাহাব ক্ষেত্রে ও মুবাহ্ ক্ষেত্রে যখন সঠিক হয়, ওয়াজিবে নয়। তাহলে দ্বীনের ওয়াজিব থেকে কোন ওয়াজিবও ছাড়া যাবে না। যেমন তাদের তৎপরতাকে বন্ধ করার জন্য তাওহীদের বর্ণনা দেওয়াও মুশরিকদের দ্বীনকে বাতিল বলা। যেমনি কেউ কেউ বুঝে থাকেন। যদি ক্ষেত্রকে প্রসারিত করি তাহলে আমরা আমাদের দ্বীনের সুনামকে নষ্ট করে ফেলবো। এ জন্যই আবূ বকর বিন আরাবী আহকামুল কুরআনের ৪৭৩ পৃষ্ঠায় বলেছেন, (দ্বিতীয় মাসয়ালা) এটা প্রমাণ করে হকদারকে পুরা হক দিতে হবে যখন এমন কোন কাজ করে যা দ্বীনের জন্য ক্ষতিকর তাহলে তার উপযুক্ত জবাব দিতে হবে। এতে গভীরভাবে লক্ষ্যণীয় যে, তার এ সংক্ষিপ্ত বক্তব্যের উদ্দেশ্য হলো, যখন এটি ওয়াজিব হবে তখন তা পুরোপুরি আদায় করতে হবে। আর যদি জায়েয হয় তাহলে তার জন্য এ কথা প্রযোজ্য, আল্লাহই ভাল জানেন।

মুহাম্মাদ রশীদ রেজা বলেন, **"এবং এর অন্তর্গত"** যা বর্ণিত হয়েছে আবূ মানসুর থেকে তিনি বলেছেন, যে গালি খাওয়ার হকদার তাকে গালি দেওয়াতে আল্লাহ কিভাবে নিষেধ করলেন যে তাকে যেন গালি না দেয়া হয় যে হকদার না। অথচ আমরা আদিষ্ট হয়েছি যুদ্ধ করার জন্য যখন তারা আমাদের সাথে যুদ্ধ করবে। অন্যায়ভাবে মু'মিনকে হত্যা করা পাপ কাজ? তেমনিভাবে নবীকে তাদের কাছে তাবলীগ ও কুরআন তিলাওয়াত করার আদেশ দেওয়া হয়েছে যদিও তারা তাকে মিথ্যাবাদী মনে করে। মুশরিকদের উপাস্যকে গালি দেওয়া মুবাহ কাজ, ফরজ নয়। তেমনিভাবে তাবলীগ করাও। আর যে কাজ মুবাহ সে কাজে সমালোচনার জন্ম হলে তা করতে নিষেধ করা হয়। আর যে কাজ ফরজ তাতে যে পরিস্থিতিরই সৃষ্টি হোক না কেন পালন করে যেতে হবে।

দ্বীন প্রকাশ করা ওয়াজিব সম্পর্কে আমরা যা বলেছি তা কেউ যদি বাতিল করতে যুক্তি দাঁড় করে তাহলে তার প্রতিবাদ করা হবে ঐ কথা দিয়ে যা বুখারী তার সহীতে বর্ণনা করেছেন। আল্লাহর বাণী ঃ **তোমার সালাতকে বেশী উচ্চস্বরেও না আবার একদম নীচু স্বরেও না মাঝামাঝি স্বরে আদায় কর।**[২৪] আয়াতটি মক্কায় রাসূল লুকিয়ে সালাত আদায় করার সময় অবতীর্ণ হয়েছে। যদি তিনি উচ্চস্বরে পড়তেন তাহলে মুশরিকরা শুনে কুরআন অবতরণকারী এবং যে নিয়ে এসেছে তাদের গালাগাল করত তাই আল্লাহ তা'আলা বললেন, **তোমার সালাতকে বেশী উচ্চস্বরেও না আবার একদম নীচু স্বরেও না মাঝামাঝি স্বরে আদায় কর।**[২৫] আপনি সালাতে কুরআন এমন জোরে পড়বেন না যাতে মুশরিকরা শুনে ফেলে আবার এতো আস্তে পড়বেন না যে, আপনার সাথীরাও শুনতে না পায়। বরং এর মাঝামাঝি পদ্ধতি অবলম্বন করুন।

তাই আল্লাহর দিকে আহ্বান প্রতিষ্ঠিত ও মুসলিমদের দ্বীনও প্রকাশ্য। আর মক্কাতে মূর্তিকে বর্জন করার ব্যাপারটি যেহেতু এমনই ছিল তাই সলাতের কিরআতের শব্দ হ্রাস করা হয়েছিল এ ফাসাদ থেকে বাঁচার জন্য। সে জন্য কোন প্রভাবও ফেলতে পারবে না। কুরআন সর্বস্থানে প্রসার লাভ করবে মুশরিকদের নাকে চুনকালি দিয়ে মিল্লাতে ইব্‌রাহীমও প্রকাশকারী, কিন্তু প্রকাশ করলে ফল হত যেই ইসলাম গ্রহণের কথা প্রকাশ করত তাকেই মুশরিকরা দ্বীনত্যাগী বা কাফির বলত তাদের দ্বীনে ও মূর্তি হতে।

---

[২৪] বানী ঈসরাইল ১৭ঃ ১১০

[২৫] বানী ঈসরাইল ১৭ঃ ১১০

তাই সর্বদিক বিবেচনা করে এ আদেশ করা হয়েছিল এতে কোন সন্দেহ নেই। এর সাথে যোগ করুন সালাতে কিরআত জোরে পড়া, যাতে মুসল্লীরা ছাড়া অন্যরাও শুনতে পারে, সলাতের ওয়াজিব কোন বিষয় নয়। তাই এই সমস্যা বন্ধ করার জন্য ছেড়ে দেওয়া জায়েজ হয়েছে। পূর্বে উল্লেখিত সূত্র মতে প্রয়োজনে মুবাহ্‌ ও মুস্তাহাব বিষয় ছাড়া যাবে তবে ওয়াজিব নয়। তাই এটা পরিত্যাগ করা হয়নি ওয়াজিব হওয়ার কারণে নয়। বরং যথেষ্ট হচ্ছে এমন শব্দে তিলাওয়াত করা ইমামের পিছনে যারা থাকে তারা যেন শুনতে পায়, আর এটি হচ্ছে রাসূলের প্রতি আল্লাহর আদেশ আল্লাহর বাণী ঃ

আর আপনি একদম নীচু স্বরেও পড়বেন না।

অর্থাৎ, আপনার সাহাবীদের সুবিধা অনুযায়ী।

- এখানে আরো একটি সংশয় যার দ্বারা অনেকেই দলীল দেয় তা হল আবূ তালীব কর্তৃক রাসূল (সঃ)-কে আশ্রয় দান। যাকে আল্লাহ্‌ কুরআনের ভাষায় বর্ণনা করেছেন ঃ

তিনি আপনাকে এতিম অবস্থায় পেয়ে আশ্রয় দেননি? (আদ্‌-দুহা ৯৩ঃ ৬)

তেমনিভাবে কাফির কর্তৃক মুসলিমকে প্রতিবেশী ও নিরাপত্তা, অনুরূপ আরও উদাহরণ, যার একটি ইমাম বুখারী তার সহীহ্‌তে বর্ণনা করেছেন মক্কাতে ইবন দুগনাহ্‌ কর্তৃক আবূ বকরকে আশ্রয় দান সম্পর্কে। তেমনি নাজ্জাশী কর্তৃক তিনি খ্রিস্টান অবস্থায় মুসলমান হওয়ার পূর্বেই, মুসলমানদের আশ্রয় দেওয়া এ ধরনের আরো ঘটনা। তাদের এ সংশয়ের মূল কথা, কিভাবে একজন মুসলিম এ অবস্থায় তার আকীদা ও দ্বীনের সাথে বিরোধ থাকা সত্ত্বেও তারা মেনে নিতে পারে? তাহলে মিল্লাতে ইব্‌রাহীমের নীতি মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করার মূলনীতির পরিপন্থী হল না? আল্লাহর তাওফীক কামনা করে এর উত্তরে আমরা বলব, এ ধরনের ঘটনার সাথে মিল্লাতে ইব্‌রাহীমের কোন সংঘর্ষ নেই। এমনকি নবী রাসূলদের দাওয়াতের সাথেও। এর কারণ এমন ব্যাপক যা আমরা পূর্বে বর্ণনা করেছি দুটি দিক থেকে।

প্রথমত ঃ তাদের বাতিল প্রভুদের সাথে সম্পর্ক ছিন্ন করা ও আল্লাহ ব্যতীত সে সমস্ত ত্বগুতের ইবাদত করা হয় তার সাথে কুফরী করা।

দ্বিতীয়ত ঃ বাতিলের উপর অটল থাকা মুশরিকদের সাথে শত্রুতা করা। যা ইতোপূর্বেও আলোচনা করেছি। প্রথমটি প্রত্যেক মুসলিমের কাছে কাম্য। কোন প্রকার অবহেলা ও বিলম্ব ছাড়াই এ পথের প্রথম পদক্ষেপেই। বরং মুসলিম দলের প্রচার ও প্রকাশ করা ওয়াজিব। যাতে করে মানুষ দাওয়াতের মূলনীতি সম্পর্কে জানতে ও প্রসিদ্ধি লাভ করতে পারে।

আর দ্বিতীয়টি প্রকাশ বা ঘোষণা করবে না বাতিলের উপর অটল ও হক্বপন্থীদের সাথে শত্রুতা করা ব্যতিত। আর আবূ তালিব তেমনি একজন ব্যক্তি যদিও তিনি বাতিলের উপর অটল ছিলেন তথাপিও হক্ব ও হক্বপন্থীদের শত্রুতা ও ঘৃণা প্রকাশ করেননি। বরং তিনি ছিলেন এর উল্টোটা। তিনি ছিলেন হক্বপন্থী ও রাসূল (সঃ)-এর সাহায্যকারী। যার বর্ণনা আব্বাস (রাঃ) বুখারীর হাদীসে দিয়েছেন। যেমন তিনি নবী (সঃ)-কে বলেছেন, "আপনি আপনার চাচা থেকে কতই না উপকার পেয়েছেন? তিনি আপনাকে বিপদাপদে বেষ্টন করে রাখতেন, সাহায্য করতেন এবং আপনার কল্যাণের জন্য মানুষের সাথে সম্পর্ক ছিন্ন করতেন। (হাদীস)

যদিও এটা হয়েছিল স্বজনপ্রীতি ও বংশীয় বন্ধনের কারণে। এ জন্য পড়ুন আল্লামা শানক্বেত্বী রচিত "আযওয়াউল বয়ান" এর তৃতীয় খণ্ড (পৃষ্ঠা ৪১-৪৩, ৪০৬, ৪০৭) পাপীষ্ট লোক দ্বারা এবং স্বজনপ্রীতির বন্ধন, বংশীয় টান দ্বারা যদিও এ বন্ধন ও টান মূলত বাতিলের উপর প্রতিষ্ঠিত তবুও তাদের দ্বারা দ্বীনের পৃষ্ঠপোষকতা হয়ে থাকে। সে অধ্যায়ে এর প্রমাণ এই সাহায্যকারী পাপী লোক আবূ তালিব, যার হিদায়াতের ও সত্যের আনুগত্যের আশা শেষ নিঃশ্বাস ত্যাগ করা পর্যন্ত অবশিষ্ট থাকে। তখন বিরোধী যুদ্ধাদের কাতারে সে না দাঁড়ায় বরং যদি দাঁড়ায়ও তবে তার কতক অনুসারীকে প্রতিহত করার জন্য যার অবস্থা এমন তাহলে তার ব্যাপারে বিশেষ দাওয়াত দেওয়া স্বাভাবিক। সেজন্য নবী (সঃ) কখনো তাঁর চাচা আবূ তালিবকে দাওয়াত দেওয়া হতে নিরাশ হননি। যিনি বলতেন, "আল্লাহর শপথ! আমি মাটিতে দাফন না হওয়া পর্যন্ত তাদের দলবল তোমার কোন ক্ষতি করতে পারবে না তোমার উপর যে কাজ দেওয়া হয়েছে তুমি তা প্রচার কর। এর দ্বারা সুসংবাদ নাও এবং চক্ষু শীতল কর।"

এসব কিছুর পূর্বে এখানে আরেকটি বিষয় আছে তাহলো, প্রথম উক্তি যা অবস্থানে সবচেয়ে গুরুত্বপূর্ণ। নবী (সঃ)-এর চাচার এরূপ প্রতিরোধ অবস্থান গ্রহণ করা সত্ত্বেও দাওয়াতী কাজের হিসাবে ও দ্বীনি নীতির ক্ষেত্রে কোন প্রকার নম্রতা দেখাননি। বরং তাঁর চাচা তাঁর দাওয়াত সম্পর্কে জানতেন এবং নবী (সঃ) কর্তৃক তাদের বাতিল উপাস্যের শত্রুতা ও দোষ-ত্রুটি বর্ণনার কথা শুনতেন। নবী (সঃ)-কে চাপ প্রয়োগ করার জন্য আবূ তালিবের মাধ্যমে প্রয়াস চালিয়েছে যাতে করে তিনি দাওয়াতী কাজ থেকে তাদের উপাস্যের ত্রুটি বর্ণনা ও তাদের জ্ঞানীদের বোকা বলা থেকে বিরত থাকেন। যখন আবূ তালিব এ চেষ্টা করতে চাইলেন। রাসূল (সঃ) তার সাথে আপোস করেননি এবং দ্বীনের কোন বিষয় থেকে তাঁর সেই চাচার ক্ষতির কথা ভেবে সরে যাননি, যিনি তাকে ঘিরে রাখতেন, সাহায্য করতেন ও আশ্রয় দিতেন। বরং তাকে এ প্রসিদ্ধ উক্তিটি করেছেন ঃ

"আল্লাহর শপথ! আমাকে যে দায়িত্ব দিয়ে প্রেরণ করা হয়েছে তা আমার পক্ষে ছাড়া সম্ভব নয়। যদি কেউ এই মূর্খকে আগুনের একটি শিখা বানিয়ে দেয় তবুও না।" যেমন তাবারানী ও অন্যান্যরা বর্ণনা করেছেন। তিনি প্রথম থেকে শেষ পর্যন্ত এর উপর অটল ছিলেন। তাঁকে তাঁর কাফির চাচার প্রতি মায়া ও ভালবাসা টলাতে পারেনি। এটা হবেই বা কিভাবে তিনিই তোমাদের অনুকরণীয় মডেল ও মহা দৃষ্টান্ত। আল্লাহ তা'আলার বাণী ঃ

আপনি এমন কোন সম্প্রদায় পাবেন না যারা আল্লাহ ও শেষ দিবসের প্রতি বিশ্বাস করে। যারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করে তাদেরকে বন্ধু বানিয়েছে যদিও তারা তাদের পিতা, ভাই, আত্মীয় হোক না কেন। (মুজাদালা ৫৮ঃ ২২)

... যদিও তাঁর আকাংখা ছিল তাকে হিদায়াত করার। এটা হচ্ছে এক ব্যাপার আর মায়া ও ভালবাসা আরেক ব্যাপার। নবী (সঃ)-কে তাঁর চাচা আশ্রয় দান, রক্ষা করা ও প্রতিরোধ করে বিপদ দূর করা সত্ত্বেও তার মৃত্যুর পর শান্তির দু'আ করতে পারেননি। বরং বিশেষ করে তার জন্য ক্ষমা প্রার্থনা করতে নিষেধ করা হয়েছে এবং এজন্য তাঁর প্রতি নাযিল করেছেনঃ

নবী ও যারা ঈমানদার তাদের উচিত নয় যে, তারা মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করবে... (আত্-তাওবাহ্ ৯ঃ ১১৩)

তিনি এ কাজে ছিলেন না যখন আলী (রাঃ) তাঁর কাছে এসে বললেন, নিশ্চয় আপনার বৃদ্ধ গোমরাহ চাচা মারা গেছেন, কে তাকে মাটি দেবে? তার জবাবে তাকে বললেন, "তুমি যাও তাকে মাটি দাও।" (ইমাম আহমাদ, নাসাঈ প্রমুখ এটি বর্ণনা করেছেন।)

এরূপ কথা শুয়াইব (আঃ) এর দল সম্পর্কেও বলা যায়। যারা তাকে কাফিরদের আক্রমণ হতে প্রতিরোধ করেছিল। আল্লাহ তা'আলা তাঁর নবীর শত্রুদের সম্পর্কে খবর দিয়ে বলেন ঃ

যদি তোমার সাথে এ দলটি না থাকত তাহলে আমি তোমার উপর পাথর বর্ষণ করতাম। (হুদ ১১ঃ ৯১)

... যদিও তারা ছিল কাফির। তেমনিভাবে আল্লাহর নবী সালেহ (আঃ) এবং তাঁর সাথীদের কাফিররা ভয় দেখাতঃ

তারা বলল, তোমরা আল্লাহর নামে শপথ কর যে, রাতে তাকে ও তার পরিবারের উপর আক্রমণ করব এবং পরে তার অলীকে বলব তার পরিবারের ধ্বংস হওয়ার সময় আমরা উপস্থিত ছিলাম না। আর আমরা সত্য কথা বলছি। (আন্-নাম্ল ২৭ঃ ৪৯)

- এর সাথে আরো একটি বিষয় যোগ করুন। এখানে একটি স্পষ্ট পার্থক্য আছে যা পর্যালোচনা দরকার। তা হলো, মুসলিমকে কাফিরের আশ্রয় দেওয়া, সহযোগিতা করা, বিপদ থেকে রক্ষা করা, যা কাফির নিজের গরজেই করে থাকে, যা মুসলিম নিজেকে ছোট করে তার নিকট চায়নি। বরং এ কাজ কাফির করে থাকে আত্মীয়তা, স্বজনপ্রীতি অথবা অন্য কোন কারণে। এবং এ অবস্থার মাঝে মুসলিম নিজে কাফিরের কাছে তা চাইবে। তার এ চাওয়া এক প্রকার লজ্জা ও অপমান, চাটুকারিতা অথবা স্বীকার করা অথবা তার বাতিল সম্পর্কে নিরবতা পালন করা অথবা তার শিরকী কাজকে সমর্থন করার শামীল। এতে কোন সন্দেহ নেই যে, এ অবস্থা দু'টির মধ্যে স্পষ্ট পার্থক্য আছে। যা কোন জ্ঞানীর ও দৃষ্টি সম্পন্ন ব্যক্তির নিকট অস্পষ্ট নয়। যদি উদাহরণগুলো নিয়ে গবেষণা করতেন তাহলে দেখতেন এগুলো প্রথম প্রকারের অন্তর্ভুক্ত আবু জাফর তাহাবী মুশকিলুল আসারে (৩/২৩৯) সুক্ষ্মভাবে এ বক্তব্যের মতই আলোচনা করেছেন। তিনি পার্থক্য করেছেন যুদ্ধের সময় মুশরিকদের সাহায্য কামনা করার ও যা আল্লাহ নিষেধ করেছেন তার মাঝে ঃ

হে ঈমানদারগণ! তোমরা তোমাদের স্বজাতী ছাড়া অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধু হিসেবে গ্রহণ কর না। তারা তোমাদের অমঙ্গল সাধনে কোন ত্রুটি করে না। (আলি-'ইমরান ৩ঃ ১১৮)

... এবং মুসলমান কর্তৃক সাহায্য না চাওয়া সত্ত্বেও মুসলিম শত্রুর বিরুদ্ধে তাদের স্বউদ্যোগে যুদ্ধ করার মাঝে পার্থক্য রয়েছে। এ সম্পর্কে বিস্তারিত জানতে অধ্যায়টি পড়ে দেখতে পারেন, ইবন দুগনাহ কর্তৃক আবূ বকর (রাঃ)-কে আশ্রয় দেওয়া, পূর্বে উল্লেখিত সবই এ ব্যাপারের অন্তর্ভুক্ত।

এরই মধ্যে শামীল হচ্ছে মুশরিক পিতা-মাতার সাথে ভাল ব্যবহার করা, তাদের মনোতুষ্টি করার কেননা তারা তাদের ছেলে কর্তৃক প্রভাবিত, যে সত্যের দিকে আহ্বান করে তার অনুসরণ করার আশা তাদের সাথে সংশ্লিষ্ট থাকা পর্যন্ত বাকিই থেকে যায়। এমনকি তারা উভয়েই তাকে শিরক করানোর চেষ্টা করেন।

যতক্ষণ না তারা তাকে আল্লাহর রাস্তা থেকে সরানোর জন্য বিরোধী কাতারে না দাঁড়ান, যদি তারা এ কাজ করেন তাহলে তাদের থেকে প্রকাশ্যেই আলাদা হয়ে যাবে, যেমনি ইব্‌রাহীম (আঃ)-এর কাছে যখন স্পষ্ট হয়েছিল তাঁর পিতা আল্লাহর দুশমন তখন তিনি আলাদা হয়ে গিয়েছেন। শুধু আলাদাই হবে না বরং তাদের সাথে শত্রুতা ও যুদ্ধ করবে যেমনটি আবূ উবাইদা ও অন্যান্য সাহাবীগণ বদর যুদ্ধে করেছিলেন। আর ইব্‌রাহীম (আঃ) তাঁর পিতার মন যোগানোর জন্য তাকে সুন্দর ও নম্রভাবে দাওয়াত দিতেন এবং তার হিদায়াত লাভের আশা প্রকাশ করতেন, শাইতানের বন্ধু হওয়ার কারণে তাকে যে শাস্তি দেওয়া হবে তার ভয়ও করতেন, তবুও তিনি তার কাছ থেকে আলাদা হয়ে গিয়েছিলেন যখন আল্লাহর বিরুদ্ধে তার শত্রুতা স্পষ্ট হয়ে গিয়েছিল। ইব্‌রাহীম (আঃ) ও তাঁর সঙ্গীদের থেকে আদর্শ গ্রহণ করার যে আহ্বান করেছেন সেখানে আল্লাহ তা'আলা ইব্‌রাহীম কর্তৃক তাঁর পিতার জন্য ক্ষমা চাওয়ার বিষয়টি বাদ দিতে বলেছেন।

আল্লাহ সূরা আত্-তাওবাতে মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করতে নিষেধ করেছেন যদিও তারা নিকট আত্মীয় হয়, এরপর ইব্‌রাহীম (আঃ) সম্পর্কে বলেছেন,

আর ইব্‌রাহীম তাঁর পিতার জন্য ক্ষমা প্রার্থনা করেছিলেন শুধু সেই প্রতিশ্রুতির কারণে যা তিনি তাঁর সাথে করেছিলেন। অতঃপর যখন তাঁর কাছে স্পষ্ট হয়েছিল যে, সে আল্লাহর শত্রু তখন তার থেকে আলাদা হয়ে গিয়েছিলেন, নিশ্চয় ইব্‌রাহীম ছিলেন বড় কোমল হৃদয়, সহনশীল। (আত্-তাওবাহ্ ৯ঃ ১১৪)

এ ব্যাপারেই আল্লাহর বাণী ঃ

উত্তম কোন বিষয় ছাড়া আহলে কিতাবদের সাথে বিতর্ক কর না...

এরপর এরও সতন্ত্র অবস্থা ও ঘোষণা করেছেনঃ

...তবে যারা জালিম তাদের সাথে করা যাবে ... (আল-আনকাবুত ২৯ঃ ৪৬)

তেমনিভাবে নাজ্জাশী কর্তৃক মুহাজিরদের নিরাপত্তা প্রদান। জাফর বিন আবূ তালিবের ঘটনা পড়ে দেখুন, তার দ্বীনকে প্রচার ও ঈসা (আঃ)-এর প্রতি তার আকীদা প্রকাশে তার দৃঢ় স্থান এমন এক দ্বীনের লোকদের সামনে যারা তার বিপরীত আকীদায় বিশ্বাসী ছিল। নিজের ও তাঁর সাথীদের অবস্থা দুর্বল হওয়া সত্ত্বেও। তাদের নিরাপত্তায় প্রবেশ করার পরও। বরং নাজ্জাশীর নিকট পঠিত আল্লাহর বাণী শোনার পর নাজ্জাশী কেঁদে ফেলেছিলেন। তিনি সে কথা শুনে সমর্থন ব্যক্ত করে মুসলমানদের গ্রহণ করে নিয়ে নিরাপত্তা প্রদান করেন। তারা সবাই তাদের দ্বীন ও আকীদা অন্যান্যদের নিকট প্রকাশ করেছেন। তাই নাজ্জাশী ও হাবশার যেসব লোক ইসলাম গ্রহণ করেছিল তা মূলত আল্লাহর তাওফিক্ব ও সাহাবীদের (রাঃ) নিজস্ব দ্বীন ও আকীদা প্রচার প্রকাশ করার দ্বারাই। এ সংশয় নিরশন করতে পড়ুন ঃ শাঈখ আব্দুর রহমান বিন হাসান বিন শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাব (আল্লাহ তাঁদের সকলের প্রতি দয়া প্রদর্শন করুক) এর লেখা *আল-মাওরিদ আল-'আছাব আয-যালাল* প্রবন্ধটির পৃষ্ঠা ১২৪, তেমনি ঐ খণ্ডেরই পৃষ্ঠা ১৯৭, কেননা এ সংশয় নিরসন খুবই গুরুত্বপূর্ণ। অপর সংশয় (যার নিরসন করাও গুরুত্বপূর্ণ তা) হচ্ছে তারা দলীল হিসাবে ব্যবহার করে 'ফেরাউনের পরিবার থেকে যারা ঈমানদার'। (পৃষ্ঠা ২১২ দেখুন)

- এ সবের মূল কথা হলো, বাতিলপন্থীদের সাথে শত্রুতা, তাদের সাথে ও তাদের বানোয়াট প্রভুদের বাতিল দ্বীনের ও অসাধু আইনের সাথে সম্পর্ক ছিন্ন করা একটি বড় মূলনীতি ও নবী রাসূলদের দাওয়াতী কাজের শক্ত খুঁটি। ইতোপূর্বে জেনেছেন যে, শরয়ী বিধান তথা আইন কানুন ইসলাম দ্বীনের মূলনীতি ও বিধিমালার উপর নির্ভর করে প্রমাণিত হয়। যদি পৃথিবীবাসী সকলে একে প্রতিহত/বাতিল করতে একত্রিত হয় তবুও কিছুই করতে পারবে না। আর বিরোধীরা এতে প্রমাণ খাড়া করতে পারবে না যেমনটি আপনি দেখেছেন। এই নির্দিষ্ট কয়েকটি ক্ষেত্র ব্যতীত, যা সকল উসূলবীদ ও পর্যবেক্ষকদের নিকটে মোটেই ব্যপক নয়। বরং এগুলো স্ব স্ব বিষয়ে সীমাবদ্ধভাবে অনুসরণীয় এবং যখন প্রমাণিত হবে এই পদ্ধতি একটি মুহকাম মূলনীতি তাহলে এ খণ্ড দলীলের দাবী বিরোধীরা যে এর বিপরীত ধারণা পোষণ করেন মোতাশাবেহ হওয়ার প্রত্যাখ্যান করা, কুরআনের কতক অংশের সাথে বা রাসূল (সঃ)-এর হাদীসের মধ্যে সংঘর্ষ তৈরী করা ঠিক নয়। তাই সাবধান থাকুন আর সন্দীহানদের সন্দেহে পড়ে প্রতারিত হবেন না।

এমনিভাবে দা'য়ীরা নিজ জাতির সাথে পূর্ণ সম্পর্ক ছিন্ন করবে যেদিন, সেই দিন এ পৃথকীকরণ পূর্ণ হবে এবং আল্লাহর ওলীদের জন্য সাহায্যের প্রতিশ্রুতি ও তাঁর শত্রুদের ধ্বংস করার প্রতিশ্রুতি বাস্তবায়িত হবে। আল্লাহর দিকে দাওয়াতী ইতিহাসের সূচনালগ্ন থেকে ইতিহাসের এ পর্যন্ত আলোচনা করে দেখা যায়, আল্লাহ তাঁর অলী (বন্ধু) ও শত্রুদের আলাদা করেননি ততক্ষণ পর্যন্ত যতক্ষণ পর্যন্ত তাদের ওলীদেরকে আলাদা আকীদার উপর প্রতিষ্ঠিত না করেছেন এবং তারা একমাত্র আল্লাহকেই তাদের রব হিসাবে না মেনে নিয়েছেন। আর দা'য়ীদের জন্য রাসূলের মধ্যে রয়েছে উত্তম আদর্শ। তাদের উচিত অন্তরকে বিশ্বাসে ভরে নেওয়া এবং সকল ক্ষেত্রে একমাত্র আল্লাহর উপর ভরসা করা, তাহলে ত্বগুত তাদের কোন ক্ষতি করতে পারবে না। হ্যাঁ আল্লাহর পক্ষ থেকে পরীক্ষা করা ব্যতিত এটা আল্লাহ তাঁর অলীদের সাহায্য করতে পারার অপারগতার কারণে নয় এবং তাদেরকে শত্রুদের হাতে ছেড়ে দেওয়ার জন্যও নয়। কিন্তু এ পরীক্ষা করেন অন্তর ও দলকে বিশুদ্ধ করার জন্য। এরপর মু'মিনদের পালা ফিরে আসে এবং মু'মিনদের দেওয়া সাহায্য ও প্রতিষ্ঠিত করার প্রতিশ্রুতি বাস্তবায়ন করেন।

পরিশেষে জেনে রাখুন, এ হকের সাথে জড়িত মানুষ কয়েক প্রকার ঃ

- মিল্লাতে ইব্‌রাহীম ও সকল রাসূলদের দ্বীনে প্রতিষ্ঠিত ও প্রচারক ব্যক্তি পূর্বে উল্লেখিত রূপের। সে এজন্য কোন নিন্দুকের নিন্দাকে ভয় করে না। তাহলে এ ব্যক্তি হচ্ছে প্রকাশ্য ও বিজয়ী দলের অন্তর্ভুক্ত (*আত-তা'য়িফা আল-মানসূরাহ*)। সে হচ্ছে এমন সত্যের আহ্বায়ক, যে মানুষের সাথে মিলেমিশে থাকে এবং তাদের দুঃখ কষ্টে ধৈর্য ধরেন এবং সেই ইহ ও পরকালে সাফল্য অর্জন করবে। যার সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন ঃ

তার কথার চাইতে কার কথা উত্তম হতে পারে যে আল্লাহর দিকে দাওয়াত দেয়, সৎ কাজ করে এবং বলে আমি মুসলিম। (ফুস্‌সিলাত ৪১ঃ ৩৩)

এর অর্থ হাদীসে রয়েছে ঃ "যে মু'মিন মানুষের সাথে মিশে ও তাদের অনিষ্ট ও ক্ষয়-ক্ষতিতে ধৈর্য্য ধারণ করে সে উত্তম..."

তাকে তো অনিষ্ট পেয়ে বসবেই কেননা সে এমন কিছু সমাজের কাছে উপস্থাপন করেছে যা সকল রাসূল উপস্থাপন করেছিলেন। সে বাতিলপন্থীদের সাথে ছাড় দিয়ে কথা বলে না। তাদের উপর নির্ভর করে না ও তাদের সাথে শত্রুতা প্রকাশ করে। পদবি, চাকুরি, কাজ, পদ্ধতি যা তাদের বাতিলকে সাহায্য করে তা পরিত্যাগ করে। যার অবস্থা এমন হবে তাকে তাদের সমাজে, বাড়িতে বসবাস করা অপরাধ মনে করবে না এবং যে কোন দেশে হিজরত করা ওয়াজিব করবে না। শাঈখ হামদ বিন আতীক কুরআনের আগত আয়াত সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন ঃ

তোমাদের জন্য ইব্‌রাহীম ও তাঁর সঙ্গীর মাঝে উত্তম আদর্শ রয়েছে ... (মুমতাহিনা ৬০ঃ ৪)

... প্রকাশ পেল ও স্পষ্ট হয়ে গেল ... অর্থাৎ যারা আল্লাহর একাত্ববাদকে স্বীকার না করবে তাদের বিরুদ্ধে বিরতিহীন শত্রুতা ও ঘৃণার শুরু হলো। আর যে ব্যক্তি আদর্শকে জ্ঞানে, কাজে ও প্রকাশ্যে বাস্তবায়ন করবে আর তার দেশের লোক তা জানতে পারবে আর তাকে কোন দেশে হিজরত করতে হবে না। আর যে এ রকম না হবে, বরং এ চিন্তা করবে যে তাকে যখন সালাত, সিয়াম, হাজ্জ করার সুযোগ দিয়েই রেখেছে তাই তার হিজরতের প্রয়োজনীয়তা শেষ হয়েছে। এ ধরনের ধারণা প্রমাণ করে দ্বীন সম্পর্কে তার অজ্ঞতা ও রাসূলদের রিসালাতের সারমর্ম উপলব্ধিতে তার গাফলতি ছাড়া আর কিছুই না। (১৯৯ পৃষ্ঠা জিহাদ খণ্ড) এবং এ প্রকারের মানুষ যখন তার হক্বকে প্রকাশ করলে হত্যা বা শাস্তির হুমকি দেওয়া হয় এবং হিজরত করার মত তেমন কোন দেশও না পান তাহলে তার জন্য কাহাফবাসীর পালনীয় আদর্শ যারা দ্বীনকে রক্ষা করার জন্য পাহাড়ে পালিয়েছিল। অপর আরেকটি আদর্শ, রয়েছে উখদুদবাসীদের মধ্যে, যারা তাদের আকীদা ও তাওহীদের জন্য অগ্নিদগ্ধ হয়েছেন, যারা দুর্বল হননি ও নতিও স্বীকার করেননি। অপর আদর্শ রয়েছে রাসূল (সঃ) সাহাবীদের মধ্যে যারা হিজরত করেছেন, জিহাদ, যুদ্ধ, হত্যা করেছেন ও নিহত হয়েছেন। আপনাকে হিদায়াত ও সাহায্য করার জন্য আল্লাহই যথেষ্ট।

- অথবা এমন লোক যে শুরু থেকেই কম প্রভাবশালী এবং বিপদাপদে পূর্ণ। এ দ্বীন এভাবে সে পালন করতে পারবে না এবং সে প্রকাশ্যে এ কাজ করলে হয়তো দ্বীনের কাজ করতেই পারবে না। সে ভয় পায় এবং প্রচার করতে পারে না তাহলে সে তার ছাগলের সাথে পাহাড়ের পাদদেশে চলে গিয়ে আল্লাহর ইবাদত করবে এবং দ্বীন নিয়ে পালিয়ে যাবে ফিতনার ভয়ে।

- অথবা এমন অক্ষম ব্যক্তি যাকে তার বাড়ী আটকে রেখেছে বিশেষ কাজের জন্য। যিনি তার বাকী সদস্যকে শিরক, মুশরিক এবং আগুন থেকে- যার জ্বালানী হবে মানুষ ও পাথর, সেখান থেকে রক্ষা করার চেষ্টায় নিয়োজিত আছেন। সে কাফিরদের সংস্রব থেকে দূরে থাকবে ও তাদের থেকে মুখ ফিরিয়ে নিবে, তাদের বাতিলের প্রতি সন্তুষ্ট প্রকাশ করবে না এবং যে কোন ভাবেই হোক না কেন সহযোগিতা করবে না। অবশ্যই এক্ষেত্রে তার তাওহীদকে নিরাপদ রাখতে হবে। তার অন্তর শিরক ও মুশরিকদের প্রতি শত্রুতা ও ঘৃণায় পরিপূর্ণ থাকবে এবং অপেক্ষায় থাকবে প্রতিবন্ধকতা দূর হবার এবং দ্বীন নিয়ে পালানোর ফাঁক খুঁজবে এবং এর চেয়ে কম ঝুঁকি ও বিপদ যেখানে সে দেশে হিজরত করার সুযোগ খুঁজবে যেখানে সে তার দ্বীনকে প্রকাশ করতে পারবে। মুহাজিরদের হাবশাতে হিজরত করার মত।

- অথবা এমন লোক, যে বাতিলপন্থীদের প্রতি তার সন্তুষ্টি প্রকাশ করে। তাদের বানোয়াট ও গোমরাহীর সমর্থন করে। তাহলে এ ধরনের লোকের তিনটি অবস্থা, যা শাঈখ হামদ বিন আতীক ...... গ্রন্থের ৬২ পৃষ্ঠায় বলেছেন ঃ

প্রথম অবস্থা ঃ যে ব্যক্তি প্রকাশ্য ও গোপনে উভয়ভাবে তাদের সমর্থন করে। তাহলে এ ধরনের ব্যক্তি কাফের ও ইসলাম হতে বহিষ্কৃত। চাই এতে সে অপছন্দকারী হোক বা না হোক যার সম্পর্কে আল্লাহ বলেনঃ **... যে ব্যক্তি কুফরীতে নিজের বক্ষ প্রসার করবে তার উপর আল্লাহর গযব ও মহা শাস্তি দেওয়া হবে।** (আন্-নাহল ১৬ঃ ১০৬)

দ্বিতীয় অবস্থা ঃ গোপনে তাদের সাথে মিশে ও সমর্থন করে। আর প্রকাশ্যে বিরোধিতা করে, তাহলে এ লোকও কাফির এবং এরা মুনাফিক।

তৃতীয় অবস্থা ঃ গোপনে তাদের বিরোধিতা করা সত্ত্বেও প্রকাশ্যে তাদের সমর্থন করে। এ লোক আবার দু'ধরনের। (১) সে এ কাজ করে তাদের রাষ্ট্রে অবস্থানের কারণে, মারধর করার ও বেঁধে দেওয়ার পাশাপাশি তা না করলে হত্যার হুমকি দেয়। তাহলে এ ধরনের পরিস্থিতিতে তার জন্য সে কাজ করা জায়েয শুধু প্রকাশ্যে তাদের সাদৃশ্যতা বজায় রাখার জন্য, তবে তার অন্তর ঈমানে পূর্ণ অটল থাকে যেমনটি আম্মার (রাঃ)-এর ক্ষেত্রে ঘটেছিল। আল্লাহ বলেন ঃ **শুধু সে ব্যতিত যদি কাউকে বাধ্য করা হয় এবং তার অন্তর ঈমানের উপর অটল থাকে ...** (আন্-নাহল ১৬ঃ ১০৬)

আমি মনে করি, এ ধরনের লোকদের সর্বদা অক্ষম (দুর্বল) লোকদের মত চেষ্টা করা উচিত। যেমন নবী (সঃ)-এর দুর্বল সাহাবীরা সর্বদা দ্বীন নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করতেন এবং দু'আ করতেনঃ

> **হে আমাদের রব! অত্যাচারি অধিবাসীর ভূমি হতে আমাদের বের করে নাও। আমাদের জন্য একজন অভিভাবক পাঠাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্য মঞ্জুর কর।** (আন্-নিসা ৪ঃ ৭৫)

এতপর তিনি (হামদ বিন আতীক) বলেন ঃ আর দ্বিতীয় অবস্থা হল যে গোপনে তাদের বিরোধিতা করা সত্ত্বেও প্রকাশ্যে তাদের সমর্থন করে আর সে তাদের রাষ্ট্রের নাগরিক নয় । তাকে এ কাজে প্রভাবিত করেছে নেতৃত্বের লোভ, সম্পদ, কোন দেশের নাগরিকত্বের লাভের আশায়, পরিবার অথবা এর কারণে সম্পদে যে ক্ষতি হতে পারে সে আশঙ্কায় । সে এই অবস্থায় মুরতাদ (দ্বীনত্যাগী) হয়ে যাবে । গোপনে তাদের কাজকে অপছন্দ করা তার কোন কাজে আসবে না । সে এমন ব্যক্তি যার সম্পর্কে আল্লাহ বলেন ঃ **তারা এমন লোক, যারা পার্থিব জীবনকে পরকালের চাইতে ভালবাসে । আর আল্লাহ কাফিরদের হিদায়াত করেন না** । (আন্-নাহল ১৬ঃ ১০৭)

তিনি বলেছেন, তিনি কুফরীর ক্ষেত্রে তাদের অজ্ঞতা ও ঘৃণা করাকে বা সম্পদের মোহকে দা'য়ী করেননি বরং মূল কারণ হলো তাদের দুনিয়ার অংশের একটি অংশ তারা বেছে নিয়েছে এবং তাকে দ্বীনের উপর প্রাধান্য দিয়েছে । শাঈখ বলেছেন, এটাই হচ্ছে শাঈখুল ইসলাম মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্হাবের (রহঃ) কথার অর্থ ।

- আমি বলি ঃ শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্হাবের কথার অর্থ যেদিকে ইবন আতীক ইঙ্গিত করেছেন তাঁর পুস্তিকা ও গ্রন্থে বহু স্থানেই আছে । উদাহরণ স্বরূপ বলা যায়, '*মাজমু'আত আর-রিসায়িল আন-নাজদীয়া*' গ্রন্থের ৪২ নং পৃষ্ঠা আছে ঃ

"জেনে রাখুন, সৎ মুসলিমকে কাফির বলার প্রমাণাদি যখন সে আল্লাহর সাথে শিরক করবে, অথবা তাওহীদপন্থী হওয়া সত্ত্বেও মুশরিকদের সাথে উঠাবসা করা সমর্থন করে, তবে শিরক করে না । তার ব্যাপারে আল্লাহর কালামে ও হাদীসে রাসূলে এবং আলেমদের বক্তব্যে এতো বেশী এসেছে যেগুলো শেষ করা সম্ভব নয় । আমি আপনাদের কাছে আল্লাহর বাণীর একটি আয়াত উল্লেখ করেছি যার তাফসীর সম্পর্কে সমস্ত তাফসীরবিদ ঐক্যমত পোষণ করেছেন । আর সে ব্যাপারটি মুসলিমের মধ্যেই যদি কোন লোক বলে তাহলে সে কাফির হবে, চাই যে যুগেই হোক না কেন । আল্লাহ তা'আলা বলেছেন ঃ

ঈমান আনার পরেও যে আল্লাহর সাথে কুফরী করবে, সে ছাড়া যাকে বাধ্য করা হবে এবং তার অন্তর ঈমানের উপর অটল থাকে ...[২৬] তাতে উল্লেখ আছে, তারা পরকালের চাইতে পার্থিব জীবনকে পছন্দ করেছিল । আলেমরা সাহাবীদের ওপর নাযিল হওয়া সত্ত্বেও এ ধরনের কথা বলেছেন । যেহেতু মক্কাবাসী তাদেরকে জ্বালাতন করত তারা আরও উল্লেখ করেছেন, যদি কোন সাহাবী শিরকের প্রতি ঘৃণা থাকা সত্ত্বেও নিজ মুখে শিরকী কথা উচ্চারণ করত, তাদের সাথে শত্রুতা করার পরও যদি ভয়ে বলত, তাহলে তারা ঈমানদার হওয়ার পরও কাফির হয়ে যেতো ।"

এ কথাটি শাঈখ হামদ বিন আতীকের পূর্বে উল্লেখিত ও সামনে শাঈখ সোলাইমানের বক্তব্যের সহিত মিল আছে । সেটি আরো ভয়াবহ কথা । আমি দৃঢ় বিশ্বাসের সাথে জানি, সেটা যদি আমাদের কথা হতো এবং এই বিজ্ঞ ইমামের কথা না হতো তাহলে তাকে বলা হতো ঃ খারেজী ও কুফরী । যদিও আয়াতটি স্পষ্ট দলিল । এ বিষয়টি মাকরূহ থেকে ভিন্ন কুফরী শব্দ প্রয়োগ করলে প্রয়োগীত ব্যক্তি আপত্তি করে । তবে আমরা এখানে এমন কতক লোকের কথা বলব, যাদের সাথে রূঢ় ব্যবহার করা হয়নি, মারা বা শাস্তি দেওয়া হয়নি মুশরিকদের সাথে সামঞ্জস্যতা বন্ধুত্ব প্রকাশের জন্য ।

---

[২৬] আন্-নাহল ১৬ঃ ১০৬

পার্থিব জীবনের মোহ, সেটা ক্ষতিগ্রস্ত হওয়ার ভয়, সম্পদের,লোভ ও নাগরিকত্ব লাভের আশা তাদের এ কাজ করতে প্ররোচিত করে তাদের কাছে পার্থিব জীবন পরকালের জীবনের চাইতে বেশী প্রিয় । দ্বীন, তাওহীদ ও আকীদার বিনিময়ে তারা পার্থিব জীবনের নশ্বর তৈজসপত্র কিনে । কখনো তারা এ কথা বলে আড়াল করতে চায় যে তাদেরকে বাধ্য করা হয়েছিল এবং তারা প্রয়োজনীয়তার দাবী তুলে অথচ বাস্তবে তা মোটেই এমন ছিল না । এ জন্য তার শত্রুদের সাথে বন্ধুত্বকে নিষেধ ও প্রকৃত বাধ্য করা ব্যক্তির জন্য বৈধতা দেওয়ার পর আল্লাহ সূরা আলি-'ইমরানে ভয় দেখিয়ে বলেছেন,

.

আল্লাহ স্বয়ং তোমাদের সতর্ক করেছেন । আল্লাহর কাছেই তোমাদের প্রত্যাবর্তন স্থল । হে নবী (সঃ) আপনি বলে দিন, তোমাদের অন্তরের ভাব প্রকাশ কর আর গোপন কর আল্লাহ তা জানেন... । (আলি-'ইমরান ৩ঃ ২৮-২৯)

ঠিক পরবর্তি আয়াতেই আল্লাহ সরাসরি বলেছেনঃ

যেদিন প্রত্যেকেই যা ভাল আমল করেছে তা উপস্থিত পাবে এবং যে খারাপ কাজ তাও । (খারাপ কাজ উপস্থিত) দেখে তারা আশা করবে যদি তার ও এর মাঝে বিশাল দূরত্ব থাকত । আল্লাহ স্বয়ং তোমাদেরকে সতর্ক করে দিচ্ছেন । (আলি-'ইমরান ৩ঃ ৩০)

যে ব্যক্তি আল্লাহর কিতাব নিয়ে গবেষণা করে ও বুঝে এটা যে বড় হুমকি ও ধমকি সে তা বুঝতে পারবে । তবে আল্লাহ যাকে ফিতনাতে রাখতে চায় সে আল্লাহর পক্ষ থেকে কোন উপকারই পায় না । এ কাজ করবে যাদের আখিরাতে কোন সৎ আমল থাকবে না তারা, তারা অপরাগতার কথা বলে আর্জি করবে । তবে তারা এর অন্তর্ভুক্ত নয় । আলেমগণ অপারগতা প্রকাশ যাথাযথ হওয়ার জন্য বেশ কয়েকটি শর্তের কথা উল্লেখ করেছেন । সেগুলো হলো ঃ

১) বাধ্যকারী তাকে যে হুমকি দেয় তা করার সামর্থবান হওয়া । আর যাকে হুমকি দেওয়া হয় সে পালিয়ে গিয়েও তা প্রতিরোধ করতে অক্ষম ।

২) তার ধারণার মাত্রা এমন হতে হবে, যদি সে হুমকি প্রত্যাখ্যান করে তাহলে তার উপর হুমকির কাজ বাস্তবায়িত হবে ।

৩) তাকে যা দিয়ে হুমকি দেওয়া হবে তা তাৎক্ষণিক উপস্থিত থাকতে হবে । যদি বলে তুমি এরূপ না করলে আগামীকাল তোমাকে মারব । তাহলে তাকে অপারগ বলে গণ্য করা হবে না ।

৪) আদিষ্ট ব্যক্তির মধ্যে যেন বাড়াবাড়ি প্রকাশ না পায় । অর্থাৎ যেটুকু বললে বা করলে তার বিপদ (হুমকি) দূর হবে তার চাইতে বেশি কিছু করা ।

- যেমন যা দ্বারা অপারগকে হুমকি দেওয়া হয়, ভয় দেখানো হয়, পাপ কাজ করতে বাধ্য করা হয়, ও কুফরী কথা বলতে বা কাফেরদের সাথে ভাল ব্যবহার করতে বাধ্য করা হয় অনুরূপ বিষয়ের মধ্যের পার্থক্য বর্ণনা করেছেন। একমাত্র যাকে এমন কঠিন শাস্তি দেওয়া হয় যা সহ্য করা সম্ভব নয় সে ব্যতিত কারো জন্য দ্বিতীয়টি করা বৈধ নয়। শাস্তির মধ্যে হত্যা করা, অগ্নিদগ্ধ করা, অঙ্গহানী অথবা যাবত জীবন কারাদণ্ডের কথা বলেছেন। আম্মার (রাঃ)-কে কেন্দ্র করে আত্মরক্ষার আয়াত নাযিল হয়েছে। এ কথা সবারই জানা যে, তারা যা বলেছিল তিনি তা বলেননি অবশ্য তার মাতাপিতার হত্যাযজ্ঞ দেখার পরে এবং বিভিন্ন প্রকার শাস্তি ভোগ করার পর। তার পাজরের হাড় ভেঙ্গে গিয়েছিল এবং আল্লাহর জন্য তিনি কঠিন কষ্ট ভোগ করেছেন। আত্মরক্ষার এই অভিযোগকারীর অধিকাংশই ফিতনায় পতিত হয়েছে বাতিল ও শিরকের মধ্যে নিমজ্জিত হয়েছে। তিনি যতটুকু পেয়েছেন তার তুলনায় তারা একদশমাংশও সুবিধা পাবে না কিন্তু তাদের অবস্থা যা পূর্বে বর্ণনা করেছি- আল্লাহ যার থেকে ফিতনা চান সে আল্লাহর পক্ষ থেকে কোন সুযোগই পায় না।

এর সাথে এ কথাও যোগ করুন- জ্ঞানী সম্প্রদায় কুফরী শব্দ বলতে বাধ্য করা অধ্যায় সম্পর্কে বলেছেন, শক্তভাবে তাওহীদকে আঁকড়ে থাকা, কষ্টে ধৈর্য্য ধরা, আল্লাহর কাছে এর পুরস্কারের আশা করা মহত্তের কাজ ও উত্তম। এটিই ছিল সাহাবী, তাবেয়ী ও ইমামদের অবস্থান ও আদর্শ। এ ধরনের দৃষ্টান্তের মাধ্যমে দ্বীন প্রকাশ লাভ করে ও এর মর্যাদা ও গাম্ভীর্য ফুটে উঠে।

দেখুন সহীহ্‌ বুখারীর অনুচ্ছেদ- "যে ব্যক্তি প্রহার, হত্যা ও অপমানকে কুফরীর উপর বেছে নেয়"। এর প্রমাণও ভুরিভুরি। তেমনিভাবে ইমামদের অবস্থান যা হিসাব করা সম্ভব নয়। যেমন ইমাম আহমাদের কুরআন সৃষ্টি ফিতনায় দৃঢ় অবস্থান ও অন্যান্য প্রমুখ।

তারা আল্লাহর এ কথা উল্লেখ করেন ঃ

